Abstract : Paschim Medinipur is located in the western part of the West Bengal. It is touching the border of Jharkhand state in the west and Orissa in the southwest. This district is well known in archaeological literature for its rich cultural heritage. Social evolution has been started in this region as before as 15,000,00 years ago. Prehistoric features of this region can be proved from its Stone Age evidences, which are collected from the river-beds of Subarnarekha, Kansavati and Tarapheni.

The sites here have not been so well known except to a select band of scholars. The sites have been described on a regular basis over almost the past two centuries. Some later scholars have reviewed the early sites to see if they can yield further data. As a result, this rich yield needs to be contextualized and put together. The area of my present study is concentrated in southwestern part of the district mainly in lower Subarnarekha basin. Extensive explorations were carried out in this area in November 2011.The present paper covers the Prehistoric culture which, would project a scenario of the Prehistoric way of life of the prehistoric hunters-gatherers in this region.

Key Words : Culture, heritage, social evolution, prehistory, stone age, Holocene, Pleistocene, Subarnarekha, Chhotonagpur plateau, artefact, Palaeolithic

Introduction

Paschim Medinipur is located between 20° 23´ and 22° 56´ N ; 86° 34´ and 87° 54´ E, the western part of West Bengal. It is touching the border of Jharkhand state in the west and Orissa in the southwest. It shares its northern boundary with Bankura and Hugli district and eastern boundary with Hugli and Purba Medinipur. The district is noted for its great geographical diversity (Fig. I).

The north and north-west region of this district is a part of the Chhotonagpur plateau in its eastern end and is covered with hard laterite stone. The eastern part of Medinipur (undivided) is a formation of recent alluvial and the southern sandy region is a part of coastal plain.

Four major rivers go through this region, namely Hooghly, Kasai, Rupnarayan and Subarnarekha. As the land in Medinipur (undivided) slopes from the north-west to the south-east, these rivers course towards the south-east.

If the geographical features of this district are discussed, it would be found that these stone formations belong to 'recent' (Holocene), Pleistocene, Pliocene, Miocene, etc. Almost in 2/3 part of this region, 'recent alluvium' can be found and then 'laterite'. Other rocks are

conglomerate, epidiorite and niche. These are hard and stony and not at all cultivable. The State Highway is stretched from Garbeta to the north of Medinipur town and from Dantan in the south to Kharagpur, and the rail-track goes just on its parallel line and this may be treated as the apportioning line of these two land-formations. The portions on the east are plain and of alluvial soil but on the other side, the western portion is the eroded part of the Chhotonagpur plateau. This wavy upland descends towards the east with slopes.

Medinipur district is well known in archaeological literature for its rich cultural heritage. Social evolution had started in this region as before as 15,000,00 years ago. Prehistoric features of this region can be proved from its stone age evidences, which are collected from the river-beds of Subarnarekha, Kasai and Tarapheni.

The sites here have not been so well known except to a select band of scholars. The sites have been described on a regular basis over almost the past two centuries. Some later scholars have reviewed the early sites to see if they can yield further data. As a result, this rich yield needs to be contextualized and put together. The present paper covers the prehistoric culture which would project a scenario of the prehistoric way of life of the prehistoric hunters-gatherers in this region.

Area of Investigation

The area of my present study is concentrated in southwestern part of the district. Extensive explorations were carried out in this area in November 2011. An exploration in lower Subarnarekha Valley which was mainly concentrated in and around 20 km area of Gopiballavpur resulted in the discovery of some prehistoric sites from that region.

Paschim Medinipur is a neighbouring area of Jharkhand and Orissa. This very upland is of 2029 sq. k.m. and the lands look wavy in this area. Some small ranges and 'depression' are found here. It's a part of Chhotonagpur plateau, which is formed with laterite. In the extreme north, some hills can be seen, which range from 82 meters to 223 meters in height. The slope of the land is from north-west to south-east. In its hilly surface some rivers and streams course with their move. Among them, some rivers meet the flow of Kasai in the north, and some of them meet the Subarnarekha. Among them, the major one is Dulung, which is on the right side of the Subarnarekha. It is originated in Binpur region and meets the Subarnarekha in Sankrail block. The Subarnarekha may be called the controlling river of this upland region. This river comes from Bihar and enters into Gopiballavpur-I block of this district and heads towards east and then flows like a natural border of West Bengal and Orissa in the western part of Dantan-I block.

The soil surface of this western region is dry, non-fertile and unsuitable for habitation and cultivation. In the lower hilly areas bush and 'dwarf' sal trees are found. Blocks like

Binpur-I and Binpur-II, Jhargram, Sankrail, Jamboni, Gopiballavpur-I & II, Keshiary, Dantan-I are totally or partially included in this region.

Although prehistoric sites are known for quite a long time in Paschim Medinipur, the lithic industry of this district, from the Kasai, Tarafeni and Subarnarekha river valley shows continuation of stone age culture since the Palaeolithic period. Actually the transition of these cultures shows continuity as well as trying to move in a new inventory and a new environment.

As per tradition, gold was mined near the origin of the river at a village named Piska near Ranchi. This is why it was named Subarnarekha, meaning 'streak of gold'. Legend has it that traces of gold were found in the river bed. Even now people look for traces of gold particles in its sandy beds. The name is a combination of two words meaning gold and line/ streak in Indian language (Fig. II).

After originating near Piska/ Nagri, near Ranchi, the capital of Jharkhand, the Subarnarekha traverses a long distance through Ranchi, Seraikela, Kharswan and east Singhbhum districts in the state. Thereafter it flows for shorter distances through Paschim Medinipur in West Bengal for 83 kilometres and Balasore district of Orissa. There it flows for 79 kilometres and joins the Bay of Bengal near Talsari. The total length of the river is 470 kilometres (Fig. III).

The basin of the Subarnarekha is smaller amongst the multi-state river basins in India. The rain-fed river covers a drainage area of 1.93 million hectares.

The swath of the Subarnarekha river that meanders through Orissa, Jharkhand and Bihar besides parts of Bengal in a typical zig-zag course with various types of rocks and stone slopes might induce a curious visitor into believing that the site could really house stony relics of the earliest man in India and South Asia that lived there without a break from as early as 2 million years ago. But, as seeing is not always believing, it will be little premature to rush to a firm conclusion that the site could really alter the already known history of the ancient man in the country.

This is basically Precambrian landmass. Geographically this area of the district comes under the lower Subarnarekha valley. The Chhotonagpur plateau of which the Subarnarekha belt is a part, does belong to the Gondwana landmass, considered as one of the world's most ancient rock formations. The undulated regions of this valley are covered with dense sal forest and the rest is covered with both *sal* and mixed forests. The nature of evidence suggests of its being an open-air station in southwestern part of the district.

This region, drained by the Subarnarekha and its tributaries, comprises the southern parts of Medinipur and Singbhum, the latter being considered the focal area. The majority of the find-spots are on the river banks. Thick vegetation covers most parts of this outcrop

barring only patches that are treeless. A lateritic outcrop occurs in all the areas. Microlithic tools occur on the surface of this outcrop which has come up due to erosion. The preliminary exploration here (IAR 1968-9) suggested that there could be the possibility of finding of more than one complex of lithic industry at this location. This is the aim with which we carried out a detailed investigation in the session 2011-2012 (Fig. IV).

Important Prehistoric sites are :

Bankati: This site is under Sankrail PS of Jhargram sub-division. Hundreds of stone tools and artefacts have been discovered here. Stone tools and artefacts made of quartzite and belonging to Palaeolithic, Mesolithic and Neolithic periods and microlithic artefacts of Mesolithic age are also found. Stone tools and artefacts like pebble tool, scrapper and cleaver have also been discovered here.

Chuagarha: This site is under Gopiballavpur PS of Jhargram sub-division. Lots of stone tools and artefacts have been discovered here, most of the pebble tools are made of quartzite. Blades of Mesolithic age, scrappers and arrow-heads are made of chert. Pebble tools made of sand stone and dating to Palaeolithic age are also found here.

Chhototukri: This is a village in Gopiballavpur PS of Jhargram sub-division, different stone tools and artefacts dating back to Mesolithic and Neolithic period have been found. Mesolithic stone tools and artefacts like blades scrappers and arrow heads are made of chert.

Dhansol: This site is in Gopiballavpur PS of Jhargram sub-division where stone tools and artefacts of lower, middle and upper Palaeolithic age are found. Stone tools and artefacts like hand axe, scrapper and cleaver etc. made of quartzite are also available.

Dolki: This village is under Nayagram PS of Jhargram sub-division. Stone Age tools and artefacts are found here in a large number. These stone tools and artefacts are of lower-Palaeolithic age to Neolithic age. Lower Palaeolithic stone tools and artefacts made of quartzite and hand axe, arrow head, scrapper etc. are of upper Palaeolithic phase and made of chert. Middle Paleolithic stone tools and artefacts like, blades and arrow heads are made of same stone. A celt made of sand-stone, dating back to Neolithic age was also found here.

Ghorapincha: This site is in Gopiballavpur PS of Jhargram sub-division. Various types of stone evidences of lower Palaeolithic age to Neolithic age have been discovered here. Stone tools and artefacts like hand axe, cleaver and pebble tools are found here. Hand axe and arrow heads are made of quartzite and dating back to middle Palaeolithic age. Arrow head etc. of Neolithic age have been discovered here.

Hatibari: This site is in Gopiballavpur PS of Jhargram sub-division. Different stone tools and artefacts have been discovered here which dates back to lower Palaeolithic age





Fig. I : District Map of Paschim Medinipur in West Bengal



Fig. II : General View of River Subarnarekha



Fig. III : Area Map of Lower Subarnarekha Valley, Courtesy: Survey of India



1Chuagara	7Baramania	13Mahulbani	19Phulkendu	25Kankidahi	31Hatibari
2Makri	8Rangamatia	14Amjuri	20Dhansole	26Bararangamatia	32Kayasole
3Bansia	9Jagannathpur	15Kurchibani	21Pendrasole	27Rangamatia	33Dumuria
4Panboraj	10Ghorapincha	16Mahipal	22Purnapani	28Jahanpur	34Pondapata
5Jaurisole	11Machabandh	17Bankati	23Chhotatukri	29Bhalukkhulia	35Rajapahari
6Sasrah	12Guhiasole	18Salgeria	24Kendugaria	30Dangra	36Bhera
					37Patina

Fig. IV : Location of Prehistoric sites in Lower Subarnarekha Valley

Some photographs of the stone Age sites of the Studied Area



Chotatukri



Dhansol



Jamagara



Kayasol



Kurumberia




Hatimara

Some photographs of Stone tools collected from the Studied Area

Palaeolithic Tools:



Microliths:



Neolithic Tool:



and made of quartzite. Neolithic tools are also found here. Palaeoliths both of Abbevillian and Acheullian types are found here.

Hatimara: This site is in Gopiballavpur PS of Jhargram sub-division. Hand axes and cleavers made of quartzite dating back to lower Palaeolithic age and blade and scrapper made of chert dating back to middle Palaeolithic age are found here.

Jamagara: This site is in Gopiballavpur PS of Jhargram sub-division, where evidences of lower and middle Palaeolithic ages have been found.

Karkata: This is a village in Binpur PS of Jhargram sub-division, where an important pre historic site has been discovered. A great number of stone tools and artefacts were collected from this place. These mostly belong to Palaeolithic ages. No evidence of Neolithic phase was found here.

Kayasol: This is a village in Gopiballavpur PS of Jhargram sub-division, from where a good number of stone tools and artefacts have been discovered. Stone tools and artefacts of lower and middle Palaeolithic and of Mesolithic ages have been found here.

Kele Jharia: This site is under Jhargram PS. Stone tools and artefacts of lower and middle Palaeolithic and Mesolithic phases are found here. Mesolithic stone tools, such as scrappers, arrow heads, blades and triangular stone tools have been found here. These are made of chert.

Kurchibani: This site is in Nayagram PS of Jhargram Sub-division. Stone tools and artefacts of lower Palaeolithic and Mesolithic ages have been found here. These are mainly made of quartzite and Mesolithic stone tools are made of chert.

Kurumberia: This site is under Gopiballavpur of Jhargram sub-division. Remains of lower Palaeolithic and Mesolithic cultures have been discovered from this site. Eleavers of lower Palaeolithic and blades and arrow heads of Mesolithic culture have been found here.

Macha Bandha: Evidences of Palaeolithic, Mesolithic and Neolithic ages have been discovered here. Hand axes, made of quartzite and dating back to lower Palaeolithic phase, have been found here. Among the Neolithic tools mention may be made of ring stone tools.

Other important pre-historic sites:

Besides this, the sites of Subarnarekha basin, mention should be made of Sasara, Taldangra, Tenlate, Tikayetpur, Urusbhanga, Astajuri, Amarshi, Barabhum, Baludi, Baharasol, Champakhal, Champahati, Garbeta, Gidhni, Gopagriha, Kalgaon, Kukrakhupi, Karnagarh, Lalgarh, Salboni, Sapkota pahar and Bhelia etc. also.

The Artefact Assemblages

The lower palaeoliths in this region are handaxes, cleavers, chopper-chopping tools, different types of scrapers, retouched blades, flakes, cores etc. The geological horizon of the lower palaeolithic industry in this state was either lower gravel bed or secondary laterite/ detrital lateritic conglomerate.

The evidences of the middle Palaeolithic period are also reported from this area. The presence of flake tools and use of Levallois technique mark the middle Palaeoliths of this region. The main artefact types are scrapers, points and borers, and are made mainly on quartz and quartzite.

Discussion & Conclusion

Present surveys resulted in the discovery of stone-age tools of various periods on the banks of the Subarnarekha River. From the nature of the exposed clusters of artefacts it can be suggested that there were evolutionary stages of development of stone age cultures along the river bank that range from early Palaeolithic age to the Neolithic age.

The artefacts were collected from different areas of the region. The sites have yielded a rich collection of hand axes from Hatimara which is considered to be an important locality of lower Palaeolithic occurrence. All the four major tool types, hand axes, cleavers, choppers and scrappers have been recorded in this region, the hand axes being the best representation. These tools were used by early hominids of the lower Palaeolithic age. The upper terraces of rock layers that comprise metamorphosed quartz, lateritic-sandstones have evidences reportedly suggesting that the primitive men made extensive use of hand axes, cleavers and machetes which were believed to have been carved out of single boulder. Although blades had been used from an early stage of the Palaeolithic, they were made by percussion flaking. The technology of producing a large number of thin, strictly parallel-sided blades from a single core by pressure flaking was however a characteristic of the Mesolithic Period. We have reliable stratigraphical evidence to show that this technology evolved. These people used very fine grained quartze in earlier days which were available in the locality. But later people switched over to chalcedony and chert for making these new tools. Good quality tools were made on chert and Quartz. This does not lend itself to the production of good blades. This was also sometimes used probably because of the limited availability of chert and chalcedony but that is very rare. The existence of blade-based microlithic industry at least on three surfaces suggests at least three phases of colonization, the last phase being closer to the time segment of the Neolithic culture. Although problem remains as to whether the perfection of pressure and punch technique could have led to the grinding and polishing technique. The explorations in the site have so far yielded a large number of stone-age tools that apparently belonged to different ages, starting from the Palaeolithic, Mesolithic and Neolithic. It is definite from the available evidence that early stone age people lived in the Subarnarekha valley without a break. The area is extremely rich both from the archaeological and anthropological view points and requires a thorough investigation.

The relevant maps and photographs are presented at the end of the paper.

Location and Cultural Distribution of Prehistoric sites in the Lower Subarnarekha Valley:

Site	Lat	Long	Toposheet No	Culture
Jahanpur	22° 14'	86° 59'	73 J/16	LP
Hatibari	22° 12' 42"	86° 44'	73J/12	LP, Meso
Panbaraj	22° 12'	86° 44' 30"	73 J/12	LP, MP
Chuagara	22° 11'	86° 45'	73 J/16	LP, MP, Meso
Makri	22° 11'	86° 45' 20"	73 J/16	LP, MP
Bansia	22° 10' 15"	86° 46'	73 J/16	LP, Meso
Jaurisole	22° 09' 30"	86° 46' 30"	73 J/16	LP
Sasrah	22° 11'	86° 48' 20"	73 J/16	LP, Meso
Baramania	22° 11'	86° 48' 58"	73 J/16	LP, MP, Meso
Rangamatia	22° 09'	87° 01' 30"	73 N/2	LP
Ghorapincha	22° 10'	86° 50'	73 J/16	LP, MP, Meso
Guhiasole	22° 10' 30"	86° 50' 30"	73 J/16	LP
Machabandh	22° 09' 40"	86° 50' 30"	73 J/16	LP, Meso
Jagannathpur	22° 10' 45"	86° 51' 07"	73 J/16	Meso
Amjuri	22° 10'	86° 52'	73 J/16	LP, MP, Meso
Mahulbani	22° 09' 30"	86° 52'	73 J/16	LP
Bankati	22° 11'	86° 53'	73 J/16	LP, MP, Meso
Mahipal	22° 10' 45"	86° 53'	73 J/16	LP
Kurchibani	22° 10' 20"	86° 52'	73 J/16	LP, Meso
Kayasole	22° 09' 57"	86° 53' 25"	73 J/16	LP, MP, Meso
Phulkendu	22° 08'	86° 53' 30"	73 J/16	LP
Dhansole	22° 08'	86° 54'	73 J/12	LP, MP, UP, Meso
Patharchaki	22° 11' 30	86° 54'	73 J/16	LP, MP, Meso
Salgeria	22° 10' 30	86° 54'	73 J/16	LP, MP, Meso
Pendrasole	22° 09'	86° 55'	73 J/16	LP
Purnapani	22° 08' 30"	86° 55' 30"	73 J/16	LP, MP, Meso
Kendugaria	22° 11'	86° 56'	73 J/16	LP, MP
Dumuria	22° 11'	86° 56' 30"	73 J/16	LP
Kankidahi	22° 10' 10"	86° 57'	73 J/16	LP
Pondapata	22° 08' 30"	86° 57'	73 J/16	LP, MP, Meso
Chhotatukri	22° 07' 45"	86° 57'	73 J/16	LP, Meso
Bararangamatia	22° 10' 20"	86° 57' 35"	73 J/16	LP
Rajapahari	22° 10' 55"	86° 59' 10"	73 J/16	LP
Bhera	22° 10' 30"	86° 58' 50"	73 J/16	LP, Meso
Taldangra	22° 10' 15"	87°	73 J/16	Meso
Patina	22° 09'	87°	73 N/4	LP
Dangra	22° 14' 30"	86° 51'	73 J/16	LP, MP
Bhalukkhulia	22° 14'	86° 56'	73 J/16	LP
Kharrapara	22° 10' 65"	86°52' 16"	73 J/16	MP
Karabhasapal	22° 40' 10"	86°47' 50"	73 J/14	Meso

REFERENCES

Agrawal, D.P. and M.G. Yadava. 1995. *Dating the Past*. Pune: Indian Society for Prehistoric and Quaternary Studies.

Ball, V. 1865. 'Stone implements found in Bengal', *Proceedings of the Asiatic Society of Bengal,* Calcutta, pp.127-128.

Ball, V. 1867. 'Stone implements found in Bengal', *Proceedings of the Asiatic Society of Bengal*, Calcutta, pp.136-153.

Ball, V. 1870. 'Stone implements discovered in Singhbhum', *Proceedings of the Asiatic Society of Bengal*, Calcutta, p.268.

Ball, V. 1880. *Jungle Life in India or The Journal and Journeys of an Indian Geologist*, London: Thos. De. La. Rue & Co.

Banerjee, M. and P.K. Sen 1987. 'Palaeobiology in Understanding the Change of Sea Level and Coast Line in Bengal Basin During Holocene Period', *Indian Journal of Earth Sciences* 14 (3-4) : 307-320.

Basak, B. 1997. 'Microlithic Sites in the Tarapheni Valley, Midnapur District, West Bengal', *Man and Environment* 22 (2) : 11-28.

Biswas, A. C. 1991. Occurrence of Microlithic Tools in Kattara Site in Midnapur District, West Bengal. In : A. Datta (ed.), *Studies in Archaeology*, pp. 77 – 108. New Delhi : Books and Books.

Chakrabarti, S. 1986. Kopai Valley Post-Palaeolithic Settlers in Birbhum. In : *The Pleistocene Perspective.* Vol. 2, Sec. D, pp. 1 – 9. Southampton : The World Archaeology Congress.

Chakrabarti, S. 1998 – 99. 'The Context, Character and Chronology of Microliths from Paruldanga : An Upland Settlement in Birbhum District, West Bengal', *The Bulletin of the Deccan College Post-Graduade and Research Institute* 58-59 : 3-10.

Chakrabarti, S., D. K. Bhattacharya and D. K. Chakrabarti 1982. 'The Context of Microliths at Paruldanga, Santiniketan', *Man and Environment* 6 : 150 - 52.

Chatterjee, A., S. Majumder and G. S. Chattopadhyay 1988. Quaternary Geology and Geomorphology of Districts, West Bengal. *Geological Survey of India. Unpublished Final Report for 1978 – 79 to 1985 – 86.*

Datta, A. K., D. K. Roy and B. Samanta 1984. Chamargora : the Microlithic Site of Tarafeni Basin, District Midnapur. In : A. Ray, H. Sanyal and S. C. Ray (eds.) *The Indian studies, Essays presented in Memory of Professor Niharranjan Ray.* pp. 21-30. Delhi : Caxton Publications.

Ghosh, R. N. and S. Majumder 1991. Geology and Morphostratigraphy of West Bengal : A Database for Archaeological Exploration. In : A. Datta (ed.), *Studies in Archaeology, paper presented in Memory of P.C. Dasgupta* pp. 7 – 37. New Delhi : Books and Books.

Mumford, L. 1975. (First Published in 1961) *The City in History*. Harmondsworth : The Penguin Books Ltd.

Bio-Profile of the Auhor
Archaeologist
Research Fellow, Ramakrishna Mission Institute of Culture, Golpark
Centre for Indological Studies, Kolkata
E-mail : banani303@yahoo.co.in

Journal of Kolkata Society for Asian Studies : Vol. 1, No. 1, 2015

ভারতের উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ-নৃত্য ও পুরুলিয়ার ছো

চণ্ডীচরণ মুড়া

সংক্ষেপিত : মানব সভ্যতা ও সংস্কৃতির আদিলগ্নেই জীবনছন্দের সঙ্গে তাল রেখে একান্ত বাস্তব প্রয়োজনেই নৃত্যকলার সূচনা ঘটে। জীবনের জন্য শিকারের প্রস্তুতি, পশু ও বিরুদ্ধ-গোষ্ঠীর সঙ্গে টিঁকে থাকার লড়াই এবং অস্তিত্বের জন্য সংগ্রামের প্রয়োজনে যূথবদ্ধ চেতনার জন্ম ও ক্রমশ সচেতন প্রয়াসে আদিম মানব আরণ্যক পরিবেশেই স্বতঃস্ফূর্তভাবে নৃত্যের উদ্ভাবন করেছিলেন। প্রাথমিকভাবে যে জীবনছন্দ ছিল অস্তিত্বের সংগ্রামের আবশ্যিক দেহভঙ্গি, তাই পরিবর্তিত নূতন আর্থসামাজিক পরিবেশে সরলভঙ্গিতে সৃষ্টি করল লোকনৃত্য। অর্থাৎ সভ্যতা ও সংস্কৃতি প্রবাহে সংহত লোকসমাজের সামগ্রিক প্রয়োজনে, সমষ্টিগত সচেতন প্রচেষ্টায়, সহজাত প্রবৃত্তিজাত আকাঙ্ক্ষার আবেগে প্রয়োগ-নির্ভর, শৈল্পিক দেহভঙ্গির ঐতিহ্যবাহী স্বতঃস্ফূর্ত প্রতীক প্রকাশক নৃত্যই লোকনৃত্য। এই লোকনৃত্যে যতই সূক্ষ্ম বুদ্ধি ও মননের প্রলেপ পড়েছে ততই তার মধ্যে প্রকাশ পেয়েছে পরিশীলিত, পরিমার্জিত ও সূক্ষ্ম শিল্পরুচির ছাপ। আমার আলোচনার বিষয় পরিশীলিত নৃত্য নয়, লোকনৃত্য, যে নৃত্যে মুখোশের ব্যবহার আছে এবং তা সীমাবদ্ধ থাকবে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ-নৃত্য ও পুরুলিয়ার 'ছো' এর মধ্যে।

প্রধান শব্দ : সংস্কৃতি, শিল্পরুচি, মুখোশ, আদিবাসী, ছদ্মবেশ, জাদুভঙ্গিমা, পৃষ্টপোষকতা

বিনোদনের যতগুলো মাধ্যম আছে নৃত্য তার মধ্যে অন্যতম। আনন্দে আমরা গান গেয়ে উঠি যেমন গানের গলা না থাকা সত্বেও, সুর নিয়ন্ত্রণে না থাকলেও; তেমনি আনন্দ ও উচ্ছ্বাস প্রকাশে আমরা নেচে উঠি তা সে নৃত্যের ব্যাকরণ জানা না থাকলেও। তাই বলে নৃত্যকে নিছক আনন্দ প্রকাশের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম বলে দেখলেই দেখা সম্পূর্ণ হয় না। তার অন্য দিকও আছে। সে দিক তার আচরণগত, ইংরেজিতে যাকে বলে Ritualistic। এখন প্রশ্ন জাগে এই নৃত্য কীভাবে মানুষের জীবনপ্রবাহে এসে মিশেছিল? নিছকই কী বিনোদনের মাধ্যম হিসেবে, না অন্য কোনও উদ্দেশ্য ছিল? বর্তমান সময়ে দাঁড়িয়ে যে নৃত্য আমরা দেখছি তা হঠাৎ করে আমাদের জীবনে আসেনি। সভ্যতার অনেক সিঁড়ি পেরিয়ে বহুগুণে পরিশীলিত, পরিমার্জিত ও ঘষা-মাজার পর বর্তমান চেহারা লাভ করেছে। এই পরিশীলন ও রূপান্তর সকল নৃত্যে ঘটেনি। যার মধ্যে এই রূপান্তর এসেছে সেই নৃত্য আদিবাসী নৃত্যের খোলস ত্যাগ করে লোকনৃত্যের পর্যায়ে উত্তীর্ণ হয়েছে। আরও পরে Classical নৃত্যের কোঠায় পৌঁছেছে।

মানব সভ্যতা ও সংস্কৃতির আদিলগ্নেই জীবনছন্দের সঙ্গে তাল রেখে একান্ত বাস্তব প্রয়োজনেই নৃত্যকলার সূচনা ঘটে। জীবনের জন্য শিকারের প্রস্তুতি, পশু ও বিরুদ্ধ-গোষ্ঠীর সঙ্গে টিঁকে থাকার লড়াই এবং অস্তিত্বের জন্য সংগ্রামের প্রয়োজনে যূথবদ্ধ চেতনার জন্ম ও ক্রমশ সচেতন প্রয়াসে আদিম মানব আরণ্যক পরিবেশেই স্বতঃস্ফূর্তভাবে নৃত্যের উদ্ভাবন করেছিলেন। প্রাথমিকভাবে যে জীবনছন্দ ছিল অস্তিত্বের সংগ্রামের আবশ্যিক দেহভঙ্গি, তাই পরিবর্তিত নূতন আর্থসামাজিক পরিবেশে সরলভঙ্গি তে সৃষ্টি করল লোকনৃত্য। অর্থাৎ সভ্যতা ও সংস্কৃতি প্রবাহে সংহত লোকসমাজের সামগ্রিক প্রয়োজনে, সমষ্টিগত সচেতন প্রচেষ্টায়, সহজাত প্রবৃত্তিজাত আকাঙ্খার আবেগে প্রয়োগ-নির্ভর, শৈল্পিক দেহভঙ্গির ঐতিহ্যবাহী স্বতঃস্ফূর্ত প্রতীক প্রকাশক নৃত্যই লোকনৃত্য। এই লোকনৃত্যে যতই সূক্ষ্ম বুদ্ধি ও মননের প্রলেপ পড়েছে ততই তার মধ্যে প্রকাশ পেয়েছে পরিশীলিত, পরিমার্জিত ও সূক্ষ্ম শিল্পরুচির ছাপ। আমার আলোচনার বিষয় পরিশীলিত নৃত্য নয়, লোকনৃত্য, যে নৃত্যে মুখোশের ব্যবহার আছে এবং তা সীমাবদ্ধ থাকবে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ-নৃত্য ও পুরুলিয়ার 'ছো' এর মধ্যে।

আলোচনার মূলপর্বে ঢোকার আগে জেনে নেওয়া দরকার মানুষের জীবনে কেন মুখোশের প্রয়োজন হয়ে পড়েছিল এবং তা নৃত্যে ব্যবহারের প্রয়োজনীয়তাই বা কী ছিল। এ পর্যন্ত সবচেয়ে প্রাচীন যে নৃত্যের ছবি পাওয়া গেছে, তার বয়স কমবেশি কুড়িহাজার বছর। দক্ষিণ ফ্রান্সের আরীজ অঞ্চলের বিভিন্ন পাহাড়ে বেশকিছু প্রাগৈতিহাসিক গুহাচিত্র খুঁজে পাওয়া গেছে, যার মধ্যে একটি হল 'ত্রোয়া ফ্রেরা' বা তিনভাই (তিনটি ভাই খেলা করতে করতে ঐ গুহাটি খুঁজে পেয়েছিলেন বলে সম্ভবত এই নামকরণ)। গুহার প্রবেশ পথের মুখে নানারকম প্রাণীর ছাল-চামড়া-শিং ইত্যাদিতে সেজেগুজে একজন নৃত্যরত মানুষের ছবি আঁকা রয়েছে। এইটিই প্রাপ্ত প্রাচীনতম ছবি, যাতে নৃত্যের ভঙ্গিতে কোনও মানুষকে দেখা যাচ্ছে। ঐ গুহাচিত্রে অঙ্কিত মানবটির মাথায় বল্গা হরিণের শিং দেখেই এই সময়টা চিহ্নিত করা সম্ভব হচ্ছে; কারণ শেষ তুষার যুগের সমাপ্তি ঘটেছে হাজার বিশেক বছর আগে, তার মধ্যে ইউরোপে বল্গা হরিণদের আর দেখা মেলেনি। এই ধরনের ছবিকে অ্যাবে অঁরি ব্রুইল (Abbe Henri Breuil) তাঁর 'ফোর হানড্রেড সেঞ্চুরিজ অব কেভ আর্ট' (Four Hundred Centuries of Cave-Art, 1952) বইতে আদিম মানুষের জাদুনৃত্যের নমুনা বলে সিদ্ধান্ত করেছেন। তাঁর এই মন্তব্যের মধ্যেই মুখোশের উদ্ভবের মূল সূত্রটি নিহিত আছে।

ভারতে নাচের প্রাচীনতম যে প্রত্ননিদর্শ মেলে, তা হল মধ্যপ্রদেশের ভূপাল-অঞ্চলের ভীমবেট্কা পাহাড়ের একটি গুহাচিত্র। গাছের ডালপালা আর হরিণের শিঙে সজ্জিত একটি মানুষ ত্রিশূল জাতীয় অস্ত্র নিয়ে নাচছে। এই ছবির বয়স কমবেশি আট হাজার বছর।

সবচেয়ে পুরনো মুখোশের বয়স তাহলে পূর্বোক্ত সূত্র অনুযায়ী কুড়ি হাজার বছরের বেশি ধরতে হয় এবং আট হাজার বছরের মুখোশ পরা মানুষের গুহাচিত্রের নিদর্শনও পাওয়া গেছে। এখন প্রশ্ন হল সেই সুদূর অতীতে মুখোশ কী কারণে মানুষ তৈরি করল? জীবন-সংগ্রামের কোন বিশেষ তাগিদে?

ব্রুইলের (A. H. Breuil) যুক্তিকে এক্ষেত্রে মানতেই হয়। তিনি বলেছেন এটি হল জাদুকরের ছবি। তবে আদিম প্রস্তরযুগে সমাজে জাদুকরের ভূমিকা কী ছিল তাও জানা প্রয়োজন। সমাজবিজ্ঞানীদের ধারণা হল যে কোনও অনুন্নত এবং নিজেদের মধ্যে গণ্ডীবদ্ধ-সমাজে জাদুবিশ্বাসের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। জাদুকরকে সে যুগের মানুষ ধর্মগুরু হিসাবে স্বীকার করতেন এবং সমস্ত প্রাকৃতিক শক্তির নিয়ন্ত্রক হিসেবে মেনে নিতেন। মানব কল্পিত সমস্ত প্রাকৃতিক ও অতিপ্রাকৃত শক্তির সংযোগ মাধ্যম এই জাদুকর। সুতরাং সেই হল দলের সমস্ত লোকের শুভাশুভ বিচারক, চিকিৎসক, রীতিনীতিবিধানের নিয়ন্তা এবং উচিত-অনুচিতের হিসেবে করণীয়-অকরণীয় সবকিছুতে তার সিদ্ধান্তই শেষ সিদ্ধান্ত। অর্থাৎ অন্নসন্ধান, রোগনিরাময়, ভয়মুক্তি, কামতৃপ্তি থেকে শুরু করে পারলৌকিক জীবনে সুখ-স্বাচ্ছন্দ্যবিধান পর্যন্ত সর্ববিধ প্রয়োজনের পরিত্রাতা হলো এই জাদুকরই। আর সেই জাদুকরের কর্মবিধির অন্যতম অবিচ্ছেদ্য উপকরণ হলো মুখোশ।

জীবনের এই সমস্ত প্রয়োজনগুলো আদিম মানুষ মেটাতো জাদুবিশ্বাস কেন্দ্রিক ধর্মাচরণের মধ্যে দিয়ে। মুখোশ-নৃত্য ছিল ধর্মাচরণের অবিচ্ছেদ্য অঙ্গ, যা বহুশতাব্দীর পথ পরিক্রমার পরেও পৃথিবীর বিভিন্ন প্রান্তের নানা আদিবাসী গোষ্ঠীর মধ্যে এখনও অল্পবিস্তর বেঁচে আছে। এমন কি সভ্যতার বিবর্তনের ধারায় যে সমস্ত সমাজ উন্নত থেকে উন্নততর স্তরে গিয়ে উত্তীর্ণ হয়েছে কোনও না কোনও সময়ে, তাদের মধ্যেও যে মুখোশের ব্যবহারের রীতি মুছে গেছে এমন নয়। প্রাচীন গ্রীস ও মিশরের প্রসঙ্গ এখানে স্মরণ করা যেতে পারে। ভারত এবং দক্ষিণপূর্ব এশিয়ার কোনও কোনও দেশ, যেমন তাইল্যাণ্ড বা ইন্দোনেশিয়া আজও মুখোশ-নৃত্যের ধারাকে ধরে রেখেছে ধ্রুপদী এবং লৌকিক উভয় পর্যায়েই। জাপান এবং ভারতের মুখোশ নৃত্যের কথা তো অনেকেরই জানা।

মুখোশ ব্যবহারের প্রচলন অবশ্য খুব ব্যাপকভাবে লক্ষ্য করা যায় আফ্রিকার বিভিন্ন জাতিদের মধ্যে। তারপরই উল্লেখযোগ্য মুখোশ ব্যবহারকারী হলেন আমেরিকা মহাদেশের আদি বাসিন্দা তথা রেড ইন্ডিয়ানদের অসংখ্য প্রজাতির মানুষজন, যারা পুরোপুরি 'মার্কিনি' হতে পারেননি এখনও। আমাদের ভারতীয় এমনকি বাঙালি-সংস্কৃতির লোকায়ত স্তরেও বিভিন্ন ধরনের গোষ্ঠীনৃত্যে মুখোশের যথেষ্টই প্রচলন লক্ষিত হয়।

মুখোশ শিল্পের প্রত্ন-ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, প্রাচীনকালে মুখোশ তথা ছদ্মবেশ ধারণের উপকরণ ছিল বিভিন্ন প্রাণীর মাথা, ছাল, শিং, লেজ ইত্যাদি। বিশেষ কোনও ছদ্মবেশ ধরে (কখনও কখনও কণ্ঠস্বর নকল করে) যে প্রাণীদেরকে আকর্ষণ করে কাছে নিয়ে এসে শিকার করার সুবিধা হত, আদিম মানুষও এটা বুঝতে পেরেছিলেন। এখনও দেখা যায় সুন্দরবন অঞ্চলের মানুষ বানরের কণ্ঠস্বর নকল করে হরিণকে কাছে এনে শিকার করে। বানর হল হরিণের বন্ধু। গাছ থেকে ডালপালা ভেঙে খাওয়ানোর উদ্দেশ্যে এক প্রকার সুরে ডাকে, আবার সামনাসামনি বাঘ পড়লে পালিয়ে

যাওয়ার ইঙ্গিত দেওয়ার জন্য আর এক সুরে ডাকে। সুন্দরবনের 'কুয়েল' বৃত্তিধারী মানুষ প্রথম সুরটিকে নকল করেই হরিণ শিকার করে। ভগীরথ মিশ্রের 'কুয়েল' গল্পটিতে কৈলাস সর্দার এই পেশায় নিযুক্ত ছিলেন। পুরুলিয়ার পাহাড় সংলগ্ন মানুষ এক ধরনের পাখির সুর নকল করে বাঁশির সাহায্যে এবং যথারীতি পাখিটি ফাঁদে পা ফেলে। এই ধরনের শিকারের প্রত্যক্ষ সাক্ষী আমি নিজেই। ফলে মুখোশ ব্যবহারের পক্ষে প্রত্নশিল্পের পণ্ডিতগণ যেসব যুক্তি খাড়া করেছেন তা অস্বীকার করবার উপায় নেই। এই যে মুখোশ হিসেবে কিছু একটা বস্তুকে ধরে নেওয়া অথবা গড়ে তোলা — এর সঙ্গে আদিম সমাজ-মানসের বর্হিকাঠামোতে উদ্ভূত ধর্মের অনুভূতিও মিশ্রিত হত খাদ্যসংগ্রহ প্রভৃতি জৈবিক প্রয়োজনগুলি থেকে সঞ্জাত বোধের অন্তর্কাঠামোর সঙ্গে।

নৃত্যের উদ্ভব যেহেতু জাদুর সূত্রেই হয়েছিল; সেহেতু মুখোশ, ছদ্মবেশ, জাদুভঙ্গিমা প্রভৃতি ছিল তার প্রাথমিক উপকরণ। আবার যেহেতু পশুশিকারই ছিল সেই সময় মুখ্য জীবিকান্বেষণ; তাই শুধু পশুর ছদ্মবেশ ধরাই নয়, তাদের চলাফেরা, হাবভাব, লাফঝাঁপ, অঙ্গভঙ্গি প্রভৃতিও তখন ব্যাপকভাবে অনুসরণ করতে হত মানুষকে। তাই নাচের মধ্যে পশুসুলভ চলন এখনও অনুসৃত হয়। পুরুলিয়ার ছো-এর একটি বিশিষ্ট চলনভঙ্গির নামই 'পশুচাল'। ঠিক একইভাবে 'দেবচাল' এবং 'দানব চাল' নামে আরও দুটি চলনভঙ্গি বজায় আছে। বুঝতে অসুবিধা হয় না যে, এ দুটি চলন ভঙ্গিমাও আদিম নৃত্যকলার অলৌকিকতার প্রতি বিশ্বাস বোধেরই সন্ধান দেয়।

আদিম নৃত্যকলা আদিবাসী সংস্কৃতির নৃত্যের মধ্যে কেমন করে বিবর্তিত হয় এবং লোকনৃত্যে কীভাবে তার উদ্বর্তন ঘটে, গবেষক হিসেবে সেই বিষয়টা অনুধাবন করতে গেলে সবচেয়ে সহজগম্য অথচ একান্ত গুরুত্বপূর্ণ একটা নৃত্যছাঁদ হিসেবে পুরুলিয়ার ছো-নৃত্যকেই বোধ হয় গণ্য করা যেতে পারে। এ ব্যাপারে অধ্যাপক পল্লব সেনগুপ্তের অভিমতটি গুরুত্বপূর্ণ। তার মতে "১৯৭৮ সালের এপ্রিলে পুরুলিয়া শহর থেকে মাইল কয়েক দূরে কাঁটাডি গ্রামে আকাদেমি অব ফোকলোর-এর উদ্যোগে আয়োজিত ছো-নৃত্য উৎসব উপলক্ষ্যে আয়োজিত একটি আলোচনা সভায় বিশিষ্ট ছো-শিল্পী গম্ভীর সিংমুড়া এবং নেপাল মাহাতো এই নাচের আদিরূপ হিসেবে 'কাঁপঝাঁপ' নামে একটি প্রকরণের কথা বলেছিলেন; কিন্তু তখন উপস্থিত কোনও বিশেষজ্ঞ শিল্পীই সেটা কী রকম যে ছিল তার ব্যাখ্যা দেননি। ওঁরা একবাক্যে বলেন, শুধু ঐ নামটুকুই ওঁদের শোনা।"

ছো-নৃত্যের প্রাচীন রূপ হিসাবে 'কাঁপঝাঁপ'-কে যেহেতু ধরা হয়, সেকারণে তার সম্পর্কে কিছু বলা এখানে প্রয়োজন। সেই কাঁপঝাপেঁর মোটামুটি একটা আঙ্গিকের অনুসন্ধান পাওয়া গিয়েছিল ১৯৭৯ সালের ফেব্রুয়ারিতে। পুরুলিয়ার ছো-এর যাঁরা গুরু, তাঁদের গুরু বলে স্বীকৃত হতেন মধু রায়, মধু রায়ের মৃত্যুর পর তাঁর পুত্র হীরালাল রায় পিতার কাছ থেকে শেখা অনেক বিস্মৃতপ্রায় নৃত্য কৌশলকে নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে সচেষ্ট হন। 'কাঁপঝাঁপ'-এর স্বরূপ অনুসন্ধান করতে গিয়ে আকাদেমির

ছাত্র, গবেষক, অধ্যাপকগণ তাই হীরালালবাবুর শরণাপন্ন হয়েছিলেন। এবং সকলের অনুরোধে হীরালালবাবু তাঁর ছাত্র ও সহশিল্পীদের নিয়ে 'কাঁশঝাঁপ' নাচের অনুষ্ঠান দেখান। এপ্রসঙ্গে অধ্যাপক সেনগুপ্তের ক্ষেত্রসমীক্ষার বিবরণটি প্রণিধানযোগ্য — "মাঠের মাঝখানে টুসু-চৌদলের আদলে একটি কাঠামোকে ফুলপাতা দিয়ে সাজিয়ে তার সামনে ফুল-ফল-মিষ্টি ইত্যাদি রাখলেন একজন 'পুরোহিত'। জানা গেল তিনি ব্রাহ্মণ নন, মাহাতো। এঁর পিঠের দিকে একটা শারীরিক অসঙ্গতি দেখা গেল, এবং হীরালালবাবুর জনৈক সহযোগী জানালেন যে শারীরিকভাবে কিছু না কিছু অসঙ্গতি/বিকৃতি সম্পন্ন মানুষেরাই নাকি আগের আমলে কাপ-ঝাঁপের উপলক্ষ্যে পূজার পুরোহিত হতে দায়িত্ব পেতেন, এই রকমই তারা জানেন। কারণ অবশ্য তিনি বলতে পারলেন না। (তবে 'ফিজিক্যাল-ডিফর্মিটি'-থাকা মানুষেরা নাকি কিছুটা অসাধারণ/অ-লৌকিক ক্ষমতার অধিকারী হন, এমন একটা আদিম বিশ্বাস পৃথিবীর বহু সংস্কৃতিতেই প্রাপ্য; "কানা-খোঁড়া, একগুণ বাড়া"- ইত্যাদি প্রবাদে ওই বিশ্বাসেরই প্রতিফলন ঘটেছে।) এরপরে, একদল 'শিল্পী' (অথবা, 'পূজারী') ছৌ-এর পালায় ব্যবহার্য পশুর-নকল-লেজে সজ্জিত হয়ে পরের পর উবু হয়ে বসে পড়লেন পুরোহিতের পিছনে, খানিকটা দূরত্ব রেখে। এরপর প্রথমজন বাদে অন্যরা সামনের শিল্পীর কোমর দু'হাতে ধরে হামা-দেওয়ার ভঙ্গিতে বসলে — প্রথমজন ছো-এর 'ছপ্‌কা-দেওয়া'-র (দুই হাঁটু দু-দিকে বেঁকিয়ে শূন্যে লাফিয়ে উঠে ঘুরে যাওয়া; এই চালকে 'উল্‌ফা/উফ্‌লা'-ও বলা হয় অনেক সময়ে) ভঙ্গিতে লাফিয়ে পুরোহিত-এবং-চৌদলকে টপ্‌কে ওপারে গিয়ে কিছুটা দৌড়ানোর পরে, ফের চৌদলের দিকেই মুখ করে বসলেন। ঠিক একই কাজ প্রতিটি শিল্পীই করলেন আগের মতো ভঙ্গিতেই। এরপরে আবারো লাফানোর পালা। এইভাবে দশ-বারো-বার নাচা-এবং-বসে-পড়ার পরে সমস্ত অংশগ্রহণকারী শিল্পী-এবং-দর্শককে ফল-মিষ্টির টুকরো প্রসাদ হিসেবে দিলেন সেই পুরোহিত এবং তারপরে প্রচলিত ছো-নাচের মহলা দেবার মতো করে প্রায় একঘণ্টা নাচলেন শিল্পীরা। সব শেষে ফের একবার পরের পর সবাই চৌদল টপ্‌কে গেলেন 'ছপ্‌কা' দিয়ে। তখন আর পুরোহিত সেখানে বসে থাকেননি।"

এই নৃত্য দেবতার সন্তুষ্টির জন্য করা হত বলে মত প্রকাশ করেন হীরালালবাবু। পরবর্তীকালে গণেশ, দুর্গা, শিব-প্রমুখ দেবতাদের সাজে এবং আরও পরবর্তীতে দেবতাদের মুখোশ পরে পালা-নাচ করার রীতি প্রচলিত হলে ক্রমশ চৌদল সাজিয়ে পূজা এবং আনুষঙ্গিক 'কাঁপ-ঝাঁপ' অপ্রচলিত হয়ে পড়ে। হিন্দু পুরাণের কাহিনিকেন্দ্রিক পালার অনুপ্রবেশ ঘটায় 'কাপ-ঝাঁপ' তার আদিম পূজা-আচারকৃত্যের নির্মোক ত্যাগ করে 'ছো' নামক নৃত্য প্রকরণের জন্ম দেয়।

'কাঁপঝাঁপ'-এ ধর্মের ব্যাপার কতখানি ছিল, কীভাবে ছিল, তা বলা ভারি শক্ত। তবে অধ্যাপক সেনগুপ্তের ক্ষেত্র সমীক্ষণের বিবরণটি থেকে এটুকু স্পষ্ট যে, ধর্মপ্রত্যয়ের ইঙ্গিত সমগ্র অনুষ্ঠানটি জুড়ে থাকলেও তা অত্যন্ত আদিম প্রকৃতির। বরং ধর্মের চেয়ে অলক্ষিত কিছু জাদুক্রিয়ার ভাবনায় প্রচ্ছন্ন রূপে

আছে। এর কারণ হিসাবে বলা যায় বর্ণনাটিতে কোথাও প্রাপ্ত বয়স্ক মেয়েদের প্রসঙ্গ নেই। মনে হয় মেয়েদের আসরে ঢোকাটা একটা ট্যাবু। এই ট্যাবুই হল জাদু প্রক্রিয়ার সূচক। প্রসঙ্গত বলে রাখা ভাল 'কাঁপঝাঁপ- এ নকল লেজ লাগিয়ে পরস্পরের কোমর ধরে যে লাফ-ঝাঁপ এর প্রসঙ্গ আছে, ঠিক সেইভাবে কোমরে লাঙ্গুল বেঁধে একে-অপরের কোমর ধরে হামাগুড়িরত অবস্থায় নাচের একটা ছবি সি. এম. বাওরার (C. M. Bowra) 'প্রিমিটিভ সং' (Primitive Song, New York 1962) বইয়ের ২১ নং চিত্রে দেখা যায়। এই নাচটি মধ্য অস্ট্রেলিয়ার ইলহাল রন্‌ট্‌জা আদিবাসীদের মধ্যে প্রচলিত। আঠারো শতকের একজন ভ্রমণকারীর আঁকা এই ছবিটিকে বাওরা প্রামাণ্য হিসেবেই ধরেছেন।

উপরের আলোচনার পরিপ্রেক্ষিতে এটা স্পষ্ট যে 'কাঁপঝাঁপ'-এর রূপান্তরিত নৃত্য প্রকরণ 'ছো'। 'কাঁপ-ঝাঁপ-এর আদিম পূজা পদ্ধতি লাফ-ঝাঁপের ঊর্দ্ধে উঠতে পেরেছে বলেই 'ছো' আজ বিশ্ববন্দিত। 'ছো' এর জনপ্রিয়তার অন্যতম কারণ হিসাবে বলা যায় তার বৈচিত্র্যময় মুখোশের ব্যবহার। এখন প্রশ্ন জাগে ভারতের উত্তর-পূর্বাঞ্চলেও বেশ কিছু মুখোশ নৃত্য আছে, সেগুলো তাহলে আঞ্চলিকতার গণ্ডি টপকাতে পারেনি কেন? উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ নৃত্যগুলো কেন 'ছো' এর জায়গায় পৌঁছতে পারেনি— সেই প্রসঙ্গে আলোচনার পূর্বে উত্তর-পূর্বাঞ্চলের কয়েকটি মুখোশ নৃত্যের স্বরূপ সম্পর্কে আলোকপাত করা প্রয়োজন।

মুখা খেইল্ ঃ উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার বিভিন্ন গ্রামে মুখোশ পরে খেলাচ্ছলে হয় নৃত্য কিংবা নৃত্যনাট্য। মুখোশকে প্রান্ত-উত্তরবঙ্গে বলা হয় 'মুখা'। 'মুখা' পরে যে নৃত্য-গীত-অভিনয়াদি করা হয়, তাই হল মুখা-খেইল্। 'খেলা' পদের অপিনিহিতি রূপ হল 'খেইল্'। উক্ত অঞ্চলে কোনও অভিনয়-অনুষ্ঠানাদি উদ্‌যাপন করাকে 'খেলা' বলা হয়। যেমন, ব্রতানুষ্ঠান করাকে 'ব-খেলা' (ব্রত খেলা), 'ভাদৈ খেলা' (এই নামীয় ব্রত উদ্‌যাপন করা) বলা হয়। অবশ্য 'মুখাখেলী', 'মুখাখেল্' প্রভৃতি নামও প্রচলিত আছে। 'মুখা খেলা' সর্বাধিক প্রচলিত।

মূলত মুখোশ পরে নৃত্য-গীত-অভিনয়াদি ছিল আনুষ্ঠানিক একটি ব্যাপার। বছরের কোনও নির্দিষ্ট দিন বা সময়ে কিংবা নির্দিষ্ট কোনও দেবতার বার্ষিক অনুষ্ঠানে এই প্রকার নৃত্য-গীত-অভিনয় করা হয়। বর্তমানে তা আনুষ্ঠানিকতায় নেমে এসে প্রমোদমূলক হয়ে উঠেছে এবং নির্দিষ্ট সময়ের বাঁধন উঠে গিয়ে বছরের যে কোনও সময় অনুষ্ঠিত হচ্ছে।

মানুষ কিংবা মানবেতর প্রাণীর মুখোশ পরে, চরিত্রানুযায়ী এই নৃত্য-গীত-অভিনয় করা হয়। মুখোশগুলির শিল্পগত ও নির্মাণগত দিকটি উল্লেখযোগ্য। মুখোশ মূলত হয়ে থাকে দারুনির্মিত, তবে অন্যান্য উপকরণ দিয়েও মুখোশ নির্মিত হয়ে থাকে। বাঁশের গোড়া, লাউয়ের খোল, পোড়ামাটি, কাগজের মণ্ড, পুরাতন বস্ত্র খণ্ড প্রভৃতি দিয়ে মুখোশ তৈরির প্রথা যেমন আছে, ঠিক তেমনি কুলো ও বাঁশের চেঁচাড়ি দিয়েও মুখোশ নির্মিত হয়ে থাকে। তবে মুখোশের গঠন পদ্ধতি সহজ-সরল, কারণ নিজেরাই তৈরি করে থাকে এই মুখোশ।

জলপাইগুড়ি জেলার তিস্তার পশ্চিমাংশেই এই প্রকার অভিনয়ের প্রাদুর্ভাব-প্রচলন বেশি। সাধারণত শীতের সময় এই পালা অভিনীত হয়ে থাকলেও ফাল্গুন-চৈত্র মাসে কাজের অবসরে গাঁয়ের মোড়লের বাড়ির উঠোনেই জমে ওঠে পালা। বিশ-পঁচিশজন একসঙ্গে জুটলেই আলোচনার মাধ্যমে পালা ঠিক হয়। পূর্ব মহড়া বা প্রস্তুতি ছাড়াই তৎক্ষণাৎ বাড়ি থেকে মুখোশ এনে শুরু হয়ে যায় পালা অভিনয়। সামাজিক ও পৌরাণিক উভয় প্রকার বিষয় স্থান পেলেও সমাজ বিষয়ক কাহিনীগুলিই বেশি চমকপ্রদ। ক্ষুদ্র ক্ষুদ্র এই পালা দু'-পাঁচ মিনিটের বেশি সময় চলে না। ফলে কাহিনীর মধ্যে তেমন কোনও অগ্রগতি বা নাট্যের ইঙ্গিত থাকে না বললেই চলে। কেবলই বিবৃতি, কেবলই কোনও বিশেষ একটি 'চিত্র' উপস্থাপন। পালার কোনও লিখিত রূপ কখনই থাকে না। গান, সংলাপ, নৃত্য সবই অল্পবিস্তর মিলেমিশে থাকে। ইদানীং নৃত্যাংশ বড্ড কমে এসেছে। রূপসজ্জা তেমন কিছু থাকে না, দৈনন্দিন জীবনের সাধারণ ও স্বাভাবিক পোশাকের ওপরেই মুখোশ ধারণ করা হয়। উন্মুক্ত আকাশ তলে খোলা প্রান্তরেই অভিনয় হয়ে থাকে। নারীর ভূমিকায় পুরুষরাই অভিনয় করে। এক একটি গ্রামে একাধিক মুখাপালার দল থাকে।

সিঙ্গীছম ঃ দার্জিলিং জেলার তিব্বতীয়দের মধ্যে প্রচলিত একটি অন্যতম নৃত্য হল 'সিঙ্গীছম'। এই নৃত্যের বিশিষ্টতা দারু নির্মিত মুখোশের ব্যবহার। বিশেষ তিথিতে এই নৃত্যোৎসব হয়ে থাকে। এই নৃত্যের প্রচলন ও ব্যাপ্তিস্থল মূলত কার্শিয়াং, কালিম্পং ও সদর শহর দার্জিলিং এর মধ্যে।

মুখোশপরা নৃত্যাদির মধ্যে সিঙ্গীছমের প্রসিদ্ধি বেশ ভালোই। এই নৃত্য দ্বৈতনৃত্য, দু'জন মানুষ যৌথ ভাবে একটি সিংহের বেশ ধারণ করে একটি নির্দিষ্ট ছন্দে পা ফেলে নৃত্য করে। সিংহের মুখোশ দুই হাতে ধরে সম্মুখে দাঁড়ায় একজন, পশ্চাদে যিনি থাকেন উবু হয়ে তিনি সামনের জনের স্কন্ধে রাখেন তার ডান হাত। পিছনের ব্যক্তির শরীরে থাকে সিংহ চর্মের বা সেই জাতীয় কৃত্রিম কিছু দিয়ে তৈরি আচ্ছাদন। এর ফলে দেখতে অনেকটা সিংহের মতই লাগে। পুরুলিয়া ছো-নৃত্যে সজ্জিত বাঘ, ভাল্লুক, কুমীর প্রভৃতি পশুদের আদলেই অনেকটা তৈরি সিঙ্গীছমের 'সিঙ্গী'।

এই নৃত্যের বৈশিষ্ট্য উভয় শিল্পীকে একসঙ্গে পদচালনা করতে হয়। একজন অসতর্ক হলেই নৃত্যের ছন্দ বিচ্যুতি ঘটে। কিন্তু অভ্যাস ও সাধনার ফলে তারা উৎপ্লাবন পর্যন্ত করে নৃত্য করতে সমর্থ। প্রথমেই ভাঁড়ের মঞ্চে প্রবেশ ও নৃত্য প্রদর্শন। সম্ভবত দর্শকদের আনন্দদানের মধ্যে দিয়ে মনোযোগ আকর্ষণ করার উদ্দেশ্যেই ভাঁড় চরিত্রের অবতারণা। তারপর প্রবেশ ঘটে সিংহের। নৃত্য করে বিভিন্ন ভঙ্গিতে ও পাদকর্মে।

চমরীছম বা ইয়াছম ঃ চমরী গাইকে তিব্বতে বলে 'ইয়াক', চমরী গাই-এর বেশ ধরে যে নৃত্য তাকে বলে 'ইয়াছম'। নেপালি ভাষায় একই নাচকে বলে 'চমরীছম'। রাষ্ট্রের সীমারেখা সবসময় নির্দিষ্ট আবহাওয়া ও জলবায়ুকেন্দ্রিক হয় না। তাই প্রায় একই জলবায়ু ভারতের উত্তর-পূর্বাঞ্চলের প্রান্তিক পার্বত্য অঞ্চলগুলোতে যেমন, ঠিক তেমনি পাশাপাশি অবস্থান থাকায় প্রতিবেশি ক্ষুদ্র রাষ্ট্র নেপাল ও

ভুটানের জলবায়ু অভিন্ন। একই জল-হাওয়া সেই অঞ্চলের সংস্কৃতিকেও নিয়ন্ত্রণ করে। ফলে যে চমরী গাই নেপাল-ভূটানে লালিত হয়, সেই চমরী গাই ভারতের উত্তর-পূর্বাঞ্চলের পার্বত্য প্রান্তেও পালিত হয়। তাই চমরী গাইকে কেন্দ্র করে যে নৃত্য-সংস্কৃতি নেপাল ভুটান তিব্বতে অনুষ্ঠিত হয়, পাশাপাশি থাকার দরুণ দার্জিলিং-কার্শিয়াং-কালিম্পং অঞ্চলেও লক্ষিত হয়। সংস্কৃতির মিলন এভাবেই দেশ-কালের সীমা অতিক্রম করে যায়।

'সিঙ্গীছমে'র অনুরূপ নৃত্য 'চমরীছম'। মুখে চমরীর মুখোশ, সর্বাঙ্গে চমরীর লোমশ আচ্ছাদনে ঢেকে দ্বৈত শিল্পীর সমন্বয়ে এই নৃত্য অনুষ্ঠিত হয়। প্রথমেই তিব্বতীয় পরিচ্ছদে ভূষিত হয়ে প্রবেশ ঘটে চমরী পালকের। এক হাতে তার পাচনি এবং কটিতে থাকে বাঁশি। চমরী পালকের বাঁশি বাজানো শুরু হয়, অনেকটা ব্রজের রাখাল কৃষ্ণের অনুরূপ ভঙ্গিমায়। বাঁশির সুমধুর সুর ছড়িয়ে পড়ে দূর-দূরান্তে। সুরের আকর্ষণে প্রবেশ ঘটে চমরী গাইয়ের অনুরূপ অঙ্গসজ্জায় ভূষিত চমরীর। বাঁশির সুরে সর্পের মোহাচ্ছন্নতার কথা আমরা জানি, এই নৃত্য-দৃশ্যে চমরী গাই-এর মোহাবিষ্টতার ছবিও পরিস্ফুট হতে দেখা যায়।

পার্বত্য অঞ্চলগুলিতে কোথাও বৃষ্টিপাত বেশি, আবার কোথাও হয়না বললেও চলে। বৃষ্টিপাত বেশি হলেও আবার ঢালু হওয়ার কারণে সে জল ধরে রাখাও সম্ভব হয় না, তাই কৃষিজ সম্পদ তেমন ভাবে তাদের জীবিকাকে নিয়ন্ত্রণ করে না। ফলে সেইসব অঞ্চলে চমরী গাই তাদের একমাত্র ঐশ্বর্য। দুগ্ধ ও লোমশ চর্মই মূলত অর্থনৈতিক নিয়ন্তা। তাই সমতল ভূমিতে কৃষিজ ফসল যেমন লক্ষ্মীরূপে পূজিত হয়, তেমনি উক্ত অঞ্চলে লক্ষ্মীরূপে পূজিত হয় চমরী গাই। তবে অন্য একটি জাদুক্রিয়াও এখানে ক্রিয়াশীল। চমরীর প্রতি ভক্তি দেখে ভগবান বৃষ্টি দেন, ভূমি উর্বর হয়, ফসল ভালো হয়। Fertility cult-এর এই ভাবনা থেকেই এতৎ অঞ্চলের মানুষজন চমরীছম নৃত্যোৎসব এখনও পালন করে আসছেন।

মেপাছম ঃ 'সিঙ্গীছম', 'চমরীছম' এর ন্যায় পূর্বোক্ত অঞ্চলগুলির আর একটি বিশেষ নৃত্য প্রকরণ 'মেপাছম'। ময়ূরকে সেই অঞ্চলে বলা হয় 'মেপা' এবং ময়ূর বেশধারী নৃত্যও তাই 'মেপাছম' নামে পরিচিত। এই নৃত্যের বৈশিষ্ট্য হল — ময়ূরের অনুরূপ মুখোশ ও পরিচ্ছদ পরিহিত অবস্থায় নৃত্য শিল্পীর মঞ্চে আবির্ভাব।

নৃত্য উৎপত্তির সাথে জড়িত আছে একটি গল্প। রাজার ছিল তিন রাণী। পাটরাণী ছিলেন রূপসী। ঈর্ষার বশবর্তী হয়ে মেজো ও ছোট রাণী যুক্তি করে সুয়োরাণীর রূপবিকৃতি ঘটালেন পানীয়ের সাথে বিষ খাইয়ে। রাণী মনের দুঃখে জীবন কাটান। দিনের পর দিন এমনি ভাবে কাটান, হঠাৎ একদিন একটি ময়ূর রাণীর সামনে এসে ডিম প্রসব করে। সুয়োরাণীর সুমতি হয়, তারপর ভক্তি সহকারে সেই ডিম খেয়ে রাণী হলেন রূপবতী এবং পুনরায় পাটরাণীর মান-মর্যাদা ফিরে পেলেন। রাণী ময়ূরের প্রতি কৃতজ্ঞতা প্রদানের উদ্দেশ্যে প্রবর্তন করলেন 'মেপাছম' নামক নৃত্যোৎসব। তারপর বহুকাল ধরে চলে আসছে 'মেপাছম' নৃত্য।

ডাইনি নাচ ঃ দার্জিলিং অঞ্চলে তিব্বতীয় লামাদের গুম্ফায় বিশেষ তিথিতে ধর্মীয় আচরণের অন্যতম অঙ্গরূপে মুখোশ পরে ডাইনি-পিশাচ নৃত্যের প্রচলন আছে। কাল্পনিক দেবতা-অপদেবতা বিচিত্র পরিচ্ছদে ও মুখসজ্জায় মুখোশ পরে; নৃত্যরীতির প্রতিটি ভঙ্গি ও পাদকর্ম প্রথানুসারী। বীভৎস ও বীররসের প্রাধান্যই ফুটে উঠতে দেখা যায় এই নৃত্যভঙ্গিতে। মুখোশের গঠন ও বর্ণপ্রয়োগে প্রথাগত প্রতীকাত্মক নির্দেশ পালিত হয়ে থাকে।

রাভন নৃত্য ও রাজধারী নৃত্যনাট্য ঃ দার্জিলিং জেলার খড়িবাড়ি-নকশালবাড়ি অঞ্চলে এই নৃত্য হয় মুখোশ পরে। রামায়ণে বর্ণিত লঙ্কাকাণ্ডের যুদ্ধবৃত্তান্ত নাট্যাকারে রূপায়িত হয়। রাবণ, বিভীষণ, হনুমান এবং আর কয়েকটি চরিত্রে মুখোশ ব্যবহৃত হয়ে থাকে। বাকি চরিত্র মুখোশহীন অবস্থায় অভিনয় করেন। এই নৃত্যনাট্য নৃত্য ও সংলাপ-গীতের মিশ্রণে রচিত। পালাকাব্যে উপেক্ষিত রাবণ চরিত্রের মহত্ব নিয়ে রচিত পালাগানকে 'রাজধারী' ও বলা হয়। রামের বনবাস থেকে রাবণবধ পর্যন্ত পালা গাওয়া হয়। বিশেষ করে এই পালা অনুষ্ঠিত হয় অগ্রহায়ণ, পৌষ ও মাঘ মাসে। 'দু'-রাত ও এক দিবসব্যাপী এই পালা চলে।

বাক্‌পা নৃত্য ঃ ডুয়ার্সের তামাং জনজাতির উল্লেখযোগ্য মুখোশ-নৃত্য 'বাক্‌পা'। নৃত্যের বিষয় অশুভ শক্তিকে পরাজিত করে শুভশক্তি স্থাপনের প্রয়াস। এই নৃত্যশৈলীতে বলিষ্ঠ আঙ্গিকের প্রয়োগ বিশেষভাবে লক্ষণীয়। এই নৃত্যের মুখোশ তৈরি হয় কাঠ খোদাই করে এবং পরচুলা হিসেবে ব্যবহৃত হয় চমরী গরুর লেজের চুল। মুখোশধারীরা ভিন্ন ভিন্ন মুখোশ পরে ভিন্ন ভিন্ন চরিত্রে নৃত্যাভিনয় করেন, যেমন- ঢাকপো, মানিং, সিংদুং, চেকিয়ার প্রভৃতি। বাক্‌পার আরও নাম আছে, যথা — নাক্‌পা, লামা প্রভৃতি। এই নৃত্যাভিনয়ে প্রধান বাদ্যযন্ত্র করতাল, এছাড়াও ঢ্যাংরো দুং অর্থাৎ বড় আকারের শঙ্খ। যিনি করতাল বাজান তাকে বলা হয় 'উমজে'। এই করতাল বাদক এই নৃত্যাভিনয়ের পরিচালকও বটে। তাছাড়া 'কাং লিং' নামে আর এক ধরনের বাদ্যযন্ত্র ব্যবহৃত হয় যা মানুষের পায়ের হাড় দিয়ে তৈরি। রঙিন সিল্কের ঢোলা জামা পোশাক হিসাবে এই নৃত্যাভিনয়ে কুশীলবরা ব্যবহার করে থাকেন। তামাং পুরোহিতরা এই নৃত্যকে বলেন 'ছ্যাম'। এই নৃত্যের চৌদ্দটি পর্যায়। এই নৃত্যের সময় বিশেষ করে রাত্রিবেলা, দিনেরবেলা সচরাচর হয় না বাক্‌পা নৃত্য। মাঝখানে আগুন জ্বেলে সেই আগুনকে কেন্দ্র করে চলতে থাকে নৃত্য। যদি সারারাত এই নৃত্যানুষ্ঠান চলে, তবে সমগ্র নৃত্যের অনুষ্ঠানকে বলা হয় 'রাপনে'।

রাভা জনজাতির মুখোশ-নৃত্য ঃ উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার রাভা জনজাতির জীবনচর্যায় নৃত্যের স্থান অতি নিবিড়। নৃত্যকে তাঁদের ভাষায় বলা হয় 'বসিলি'। তাঁদের শ্রম-আনন্দ-বিরহ-মিলনের বিচিত্র চিত্রণ এই নৃত্যের মধ্যে দিয়ে প্রকাশিত। শহর থেকে দূরে নিবিড় অরণ্যানীর কোলে লালিত রাভা সম্প্রদায়ের জীবনে অন্যান্য নৃত্যের মতো মুখোশ নৃত্যের গুরুত্বও কম নয়। এরকম দু'টি উল্লেখযোগ্য মুখোশ-নৃত্য হল, যথা 'মাকপর বসিনি ভালুক মুখোশ-নৃত্য' ও 'চোর খেলেয়ীঁ'।

কার্তিক মাসে কালীপূজার ছ'-সাতদিন পূর্বে রাভাগণ মাকপর বসিনি ভালুক মুখোশ-নাচের আয়োজন করে থাকেন। ভালুকের মুখা বা মুখোশ পরে এবং কলাপাতা বা পাটের আঁশ দিয়ে তৈরি ভালুকের লোম গায়ে দিয়ে হ্যাম (ঢোল), ব্রাংছি (বাঁশি) ও দব্‌দি (ঘটি) প্রভৃতি বাদ্যযন্ত্রের বোলের তালে তালে গ্রামে গ্রামে নেচে নেচে ঘুরে ঘুরে মাঙন তুলে বারোয়ারী কালীপূজা করেন। এই নৃত্যে কেবল একটি মুখোশই ব্যবহৃত হয়ে থাকে। পুজো শেষে মুখোশটি নদীর জলে ভাসিয়ে দেওয়া হয়।

রাভাদের আর একটি মুখোশ-নাচ যা আলিপুরদুয়ারের দক্ষিণ যা রো বসতির কোচাদ্রাও দল করেন - তা হল 'চোর খেলেয়ীঁ' নাচ। এটিও ধর্মীয় নাচ যা মাকপর বসিনির মতোই মাঙনের সঙ্গে যুক্ত। কার্তিক মাসের অমাবস্যা তিথিতে বাৎসরিক কালীপুজো উপলক্ষ্যে এ নাচের আয়োজন করা হয়। এই নাচে দুটি মুখোশ ব্যবহার করা হয়। ভালুক মুখোশ যিনি পরেন তাঁর দেহ পাটের আঁশের তৈরি খোলসে ঢাকা থাকে; আর হাতে থাকে বাঁকানো ছড়ি। চণ্ডীর মুখোশ যিনি পরেন তাঁর পরনে থাকে ডোরা কাটা লুঙ্গি, গায়ে বুক খোলা শার্ট, ডান হাতে প্রাচীন হান্ডা বা তরবারি ও পায়ে ঘুঙুর বাঁধা থাকে। নাচের সঙ্গে বাজে খাগের দীর্ঘ কালো বাঁশি, হ্যাম, দব্‌দি। এই নাচের তালে তালে ঘুরিয়ে ফিরিয়ে গাওয়া হয় একটি গানের কলি, তা হল —

কালই মুই, হালিমুই মা রইন্‌
হালিয়া হালিয়া
আশিন-কাতিকে চোর রে চোর।।

গান ও বাজনার তালে তালে নৃত্য। কখনও তড়িৎ গতিতে, কখনও গজগতিতে, আবার কখনও আক্রমণাত্মক ভঙ্গিতে।

'চোর খেলেয়ী'-র মুখোশগুলি বিচিত্র। বিশেষ করে চণ্ডীর মুখোশটি। প্রসারিত ঠোঁট, লক্‌লকে জিহ্বা ও প্রলম্বিত নাসিকা। ডান চক্ষুর উপরে চাঁদ এবং বাম চক্ষুর উপরে সূর্যের প্রতীক অঙ্কিত। ভালুক মুখোশটি না-মানব-না-পশুর আদলে চিত্রিত।

এই মুখোশ-নৃত্যও মূলত গ্রাম-দেবী চণ্ডী বা কালীর সমবেত উপাসনা যা নাকি গ্রামের কল্যাণ কামনায় আয়োজিত হয়। নৃত্যের মধ্যে দিয়ে তাই অভিব্যক্ত হয় দৈব শক্তির জয় এবং পাশবশক্তির পরাজয়।

সারা ভারত জুড়েই এ রকম বিচিত্রসব মুখোশ-নৃত্য এখনও তাদের অস্তিত্ব টিঁকিয়ে রেখেছে। উত্তর-পূর্বাঞ্চলেও বেশ কিছু মুখোশ-নৃত্য এখনও দৃষ্টান্ত হিসেবে বেঁচে আছে, সেখান থেকেই কয়েকটা মাত্র তুলে ধরতে পেরেছি। কারণ ক্ষুদ্র পরিসরের নিবন্ধে স্থান-সঙ্কুলান সম্ভব নয়। আসামের 'সাতরিয়া', অরুণাচল প্রদেশের 'ইয়াক নৃত্য', মেঘালয়ের 'নোংক্রেম নৃত্য' এরকম আরও অনেক মুখোশ-নৃত্য স্বমহিমায় বর্তমানেও টিঁকে আছে।

এযাবৎ আলোচনায় যে সমস্ত মুখোশ-নৃত্যের প্রসঙ্গ আলোচিত হল সেগুলোর মধ্যে ভারতের পূর্বাঞ্চলের তথা পশ্চিমবঙ্গের পশ্চিম প্রান্ত ঘেঁষা পুরুলিয়ার 'ছো' অধিকমাত্রায় জনপ্রিয় যা আঞ্চলিকতার সীমা টপকে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছে। এমনকি ছো-এর আরও দুই ঘরানা, যথা — ময়ূরভঞ্জ ও সেরাইকেলা ঘরানাকেও অতিক্রম করে বিশ্বমঞ্চে ঠাঁই করে নিয়েছে পুরুলিয়া ঘরানা। অন্যদিকে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ-নৃত্য 'মুখা খেইল', 'সিঙ্গীছম', 'চমরীছম' বা 'ইয়াছম', 'মেপাছম', 'ডাইনী নাচ', 'রাভন নৃত্য' ও 'রাজধারী নৃত্য', 'বাকপা নৃত্য', 'রাভা জনজাতির নৃত্য' প্রভৃতি নৃত্যগুলো আঞ্চলিকতার গণ্ডির বাইরে বেরোতে পারেনি। এই বৈপরীত্যের কারণ হিসেবে বলতে হয় —

প্রথমত, 'ছো'- নৃত্য পেয়েছিল রাজন্য পৃষ্ঠপোষকতা (প্রথমে ভূস্বামী বা জমিদার, তারপর রাজ্যসরকার, আরও পরে কেন্দ্রীয় সরকার)। এই পৃষ্ঠপোষণ যেমন তাকে উৎসাহ জুগিয়েছিল, ঠিক তেমনি অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলেছিল। 'ছো' হচ্ছে বিরাট ব্যয় সাপেক্ষ নৃত্য প্রকরণ। গ্রাম-গঞ্জ থেকে নাচের ডাক আসলে নাচতে গিয়ে যে পরিমাণ মজুরি পেতেন শিল্পীরা, তাতে আর যাইহোক সংসার চলত না তাঁদের। কারণ একটা ছো-নৃত্য অনেকগুলো পালার সমন্বয়ে গড়ে ওঠে, পালা বেশি হওয়ায় চরিত্রের সংখ্যাও বেশি; তারপর শিল্পীর হাতে তৈরি সূক্ষ্ম কারুকার্য সম্পন্ন মুখোশ, নানা ধরনের বাদ্যযন্ত্র ও বাদ্যযন্ত্র বাজানোর জন্য যথাযোগ্য শিল্পী, অবশেষে যাতায়াতের খরচ এসবকিছু মিলে মোটা অঙ্কের অর্থব্যয় হয়ে থাকে। এই বৃহৎ পরিমাণ খরচ দরিদ্র গ্রামবাসীদের পক্ষে দেওয়া সম্ভব হত না, আর একারণেই প্রয়োজন ছিল কারো না কারো পৃষ্ঠপোষকতা। প্রথম প্রথম একান্ত ব্যক্তিগত আনন্দ-উচ্ছ্বাস-স্ফূর্তির প্রকাশ থেকে নৃত্যকর্মে আগ্রহী হলেও যে পরিশ্রম কৌশল ও সময় ব্যয় করতে হয় তাতে শিল্পীগণের পক্ষে অন্য পেশায় সময় দিতে পারা সম্ভব না; তাই প্রয়োজনের তাগিদেই পরবর্তীকালে পেশাদার শিল্পী হিসেবে আত্মপ্রকাশ করেন। কারণ শিল্পীদেরও তো খেয়ে পরে বাঁচতে হয়। এই কারণে আরও বেশি অর্থোপার্জন, আরও বেশি খ্যাতি ও যশোলাভের আকাঙ্খায় জনমানসে স্থায়ীভাবে জায়গা করে নিতে সচেষ্ট হোন। ফলে আরও বেশি শারীরিক পরিশ্রমের পাশাপাশি সুচারু নৃত্যশৈলী, পালাগত বৈচিত্র্য, সূক্ষ্ম দৃষ্টিনন্দন সম্পন্ন বৈচিত্র্যময় মুখোশের প্রয়োগে কুশলী হয়ে উঠতে চেষ্টা করেন।

দ্বিতীয়ত, অধ্যাপক গবেষকদের নজরে আসার ফলে ছো-নৃত্য প্রচারের আলোয় আসতে পেরেছিল। কারণ, রাজ্য থেকে কেন্দ্র এবং তারপর দেশের বাইরে — ক্রমান্বয়ে এই যোগসূত্র তৈরির মাধ্যম হিসেবে এঁদের ভূমিকা অনস্বীকার্য। প্রথমদিকে রাজ্য ও কেন্দ্রের 'তথ্য ও সংস্কৃতি' বিভাগের সুনজরে এসেছে, তারপর বিদেশ যাত্রার সুযোগ, সর্বোপরি গণমাধ্যমগুলিতে ব্যাপক প্রচারিত হতে পেরেছে।

তৃতীয়ত, ঐতিহ্য ও আধুনিকতার অপূর্ব মেলবন্ধন রক্ষা করে চলেছে এই ছো-নৃত্য। পৌরাণিক পালাকে যেমন ত্যাগ করেনি, তেমনি প্রয়োজন বোধে পালাগত পরিবর্তন আনতে দ্বিধা করেননি

শিল্পীগণ। প্রথমে গণেশ-বন্দনা একই ভাবে প্রদর্শিত হয়, কিন্তু পরবর্তী পালাগুলিতে নানান পৌরাণিক পালাকে অন্তর্ভুক্ত করার পাশাপাশি নিয়ে আসা হয়েছে 'সিধু-কানহো-বীরসা' পালা, 'নীলবিদ্রোহ', 'ইংরেজদের অত্যাচারের দৃশ্য'। তবে জনপ্রিয়তার প্রশ্নে পৌরাণিক পালা এগিয়ে আছে, একথা অস্বীকার করার উপায় নেই। তবে আধুনিক যে সমস্ত বিষয় গ্রহণ করেছে তা হল সূক্ষ্ম শিল্পগুণ সম্পন্ন, অধিক চাকচিক্য সম্পন্ন উজ্জ্বল বড়ো মুখোশের ব্যবহার; ঢোল, ধামসা, নাগড়া, সানাই, মদনভেরি প্রভৃতি বাদ্যযন্ত্রের সঙ্গে আরও কিছু অত্যাধুনিক বাদ্যযন্ত্রের সংযোজন ঘটেছে, যেমন — সিন্থেসাইজার, কর্ণাট, ফুলোট, মাইক্রোফোন সহযোগে মাইক-এর ব্যবহার; আলোকসজ্জায় এসেছে পরিবর্তন, হেচাক বা হেরিকেনের পরিবর্তে বৈদ্যুতিক আলোর বাহার লক্ষ্য করা যাচ্ছে; মঞ্চের ক্ষেত্রে বিশেষ পরিবর্তন আসেনি। খোলা আকাশের নীচেই নৃত্যানুষ্ঠান চলে, তবে বাঁশের বন্ধনীর সাহায্যে মঞ্চ ও স্ত্রীপুরুষ বসার ভিন্ন ভিন্ন দিক নির্দেশ করা হয়। বৈদ্যুতিক সংযোগের মাধ্যমে ময়ূরের পেখম সংকুচিত-প্রসারিত করার মতো অভিনব দৃশ্য দর্শকদের মনোহরণ করতে সাহায্য করছে, মহিষাসুর বধের সময় দুর্গার সমস্ত শরীর জুড়ে টুনিবাল্বের ঝুক্‌পুক্ ঝুক্‌পুক্ দৃশ্য, শিবের ত্রিশূলে পেঁচানো টুনিবাল্ব, রঙিন বাল্বের সাহায্যে আগুন জ্বলার দৃশ্য এসবকিছুই ছো-নৃত্যে ভিন্ন মাত্রা সংযোজন করেছে।

চতুর্থত, মেয়েরাও এগিয়ে আসছে বীরত্বব্যঞ্জক এই কঠিন নৃত্যশৈলীকে আয়ত্ত করতে। যদিও পুরুষদের দলে এখনও পুরুষরাই নারীর ভূমিকায় অভিনয় করেন এবং মেয়েরা একক ভাবে মেয়েদের দলই তৈরি করছেন। ইদানিং পুরুলিয়াতে ছো-নৃত্যের প্রশিক্ষণ শিবির খোলা হয়েছে যেখানে মেয়ে এবং ছেলে প্রত্যেকের শেখার সুযোগ রয়েছে। নদীর ধারে বালির চড়ায় চলে নাচের মহড়া। প্রসঙ্গত বলে রাখা ভালো যে, আমার দেখা মেয়েদের প্রথম ছো-নৃত্য ১৯৯৪ সালে সম্ভবত এপ্রিল কিংবা মে মাসে। নৃত্য অনুষ্ঠিত হয়েছিল চড়িদাগ্রামে। প্রবাদপ্রতিম ছো-শিল্পী পদ্মশ্রী স্বর্গীয় গম্ভীর সিংমুড়ার বাসভূমি এই গ্রামে। তিনি নিজ প্রচেষ্টায় ফ্রান্সের মেয়েদের নিয়ে এই ছো-নৃত্য দল গড়েছিলেন। মঞ্চের চারপাশে ঝুম্‌ঝুমি হাতে নিজেও নাচছিলেন, মেয়েদের উৎসাহ দান করছিলেন এবং উপভোগ করছিলেন। কিন্তু সেই নৃত্যে বীররসের কোনও আভাস ছিল না, কারণ উল্‌ফা বা পাক্‌মারা এই দুই কঠিন শারীরিক কসরৎ করবার মতো শারীরিক ও মানসিক দৃঢ়তা কোনোটাই ফ্রান্সের মেয়েদের ছিল না। পুরুলিয়ার মেয়েরা সেই দৃঢ়তার পরিচয় দিচ্ছেন। কারণ পুরুলিয়ার মাটি-জল-হাওয়ায় তাঁদের কঠিন-কঠোর পরিশ্রমী করে গড়ে তোলে।

এ সবকিছুর কারণেই ছো আজ 'জগত সভায় শ্রেষ্ঠ আসন' না নিলেও পাকাপোক্ত একটা জায়গা করে নিতে পেরেছে। আন্তর্জাতিক ক্ষেত্রে স্বীকৃতি লাভ করেছে। প্রয়াত শিল্পী গম্ভীর সিংমুড়া বেঁচে থাকাকালীনই বিদেশের নানান প্রান্তে ছো-কে পৌঁছে দিয়েছিলেন।

অন্যদিকে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ-নৃত্যগুলো আঞ্চলিকতার সীমা অতিক্রম করতে পারেনি। একান্ত নিজস্ব অঞ্চলেই সেগুলির ব্যাপ্তি। আচার-অনুষ্ঠানকেন্দ্রিক এই নৃত্যগুলো আদিম লোকাচারের

ঊর্ধে উঠতে পারেনি, পায়নি কোনও রাজন্য পৃষ্ঠপোষকতা। আসলে এই নৃত্যগুলিতে বৈচিত্র্যের বড়ই অভাব। মুখোশ তৈরির ক্ষেত্রে তেমন সূক্ষ্মবুদ্ধি বা সৌন্দর্যবোধ-কোনোটারই ছাপ নেই। একেবারে সরল, সাদামাটা প্রকৃতির মুখোশ তৈরিতে শিল্পীর প্রয়োজন হয় না, একান্তই নিজের নৃত্য-মুখোশ নিজেই তৈরি করেন। সময় যতই এগিয়েছে মানুষের ধী-শক্তি, রুচিবোধ, সৌন্দর্যবোধ ইত্যাদি উন্নত থেকে উন্নততর হয়েছে। কিন্তু উত্তর-পূর্বাঞ্চলের মুখোশগুলি দৃষ্টিনন্দন যেমন নয়, তেমনি বৈচিত্র্যহীন একই আদলে তৈরি মুখোশগুলি জনমনোহরণে ব্যর্থ। সেদিক থেকে পুরুলিয়া ছো-এর মুখোশ দৃষ্টিনন্দন ও সৌন্দর্যের প্রকাশ মাধ্যম। পুরুলিয়ার মুখোশগুলোতে দেবতাকে দেবতুল্য ও দানবকে দানবতুল্য কাল্পনিকতা ছুঁয়ে যায় এবং পশুকে পশুতুল্য করে গড়ে তোলার ক্ষেত্রে শিল্পীরা অব্যর্থ। কল্পনা ও বাস্তবের এমন সংমিশ্রণ পুরুলিয়ার ছো-এর মুখোশ, জনমানসে অনেকবেশি দৃষ্টিনন্দিত হয়ে ধরা দিয়েছে। নৃত্য-মুখোশ নৃত্য-শিল্পীগণ নিজের হাতে তৈরি করেন বলে উত্তর-পূর্বাঞ্চলের মুখোশগুলিতে তেমন সৌন্দর্য ও শিল্পগুণ চোখে পড়ে না। পুরুলিয়ার মুখোশে সূক্ষ্ম শিল্পীসত্তার ছোঁয়া থাকে। উত্তর-পূর্বাঞ্চলের পালা-পৌরাণিক ও সামাজিক উভয় ধরনের হলেও থাকে না কোনও পূর্ব প্রস্তুতি, ফলে ত্রুটিমুক্ত হতে যেমন পারেনি, তেমনি ছোট্ট ছোট্ট পালাগুলি কখনও কখনও মাঝপথেই থেমে যায়। পুরুলিয়ার ছো-এর পালা পূর্বপরিকল্পিত ও কঠিন অধ্যাবসায়ের ফসল। তাই পালাগুলি দীর্ঘ সময় ধরে অভিনীত হয়। প্রয়োজনে বিভিন্ন সময় নূতন নূতন পালা সংযোজন, মানুষের মনে নূতন স্বাদ এনে দেয়। অন্যদিকে একই পালা, একই গান, একই মুখোশ বছরের পর বছর অভিনীত হওয়ায় উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ-নৃত্য একঘেয়েমির পর্যায়ে পৌঁছে গিয়েছে। উক্ত অঞ্চলের নৃত্যাদি বৈচিত্র্যহীনতার কারণে জনমানসকে আকর্ষণ করতে তেমনভাবে সক্ষম নয়, তাই প্রচারবিমুখ এই নৃত্যগুলো অবলুপ্তির পথে দ্রুত এগোচ্ছে। অন্যদিকে ছো-নৃত্য যত বেশি প্রচারিত হয়েছে, যশ-খ্যাতি বেড়েছে, ততই তার উপর পড়েছে পালিশ। পরিশেষে বলতে হয়, উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ-নৃত্যগুলি আদিবাসী নৃত্যের পর্যায়েই থেকে গেছে, লোকনৃত্যের কোঠায় উঠতে পারেনি। লোকসংস্কৃতি কখনোই হারায় না, প্রতিনিয়ত রূপান্তরিত হয়ে চলে মাত্র। ঐতিহ্যকে যেমন আঁকড়ে থাকে, তেমনি আধুনিকতাকে গ্রহণ করতে পারার ক্ষমতা রাখে। আদিবাসী সংস্কৃতি তা পারে না বলেই সে ক্রমশ অবলুপ্তির পথে, কিন্তু লোকসংস্কৃতি কখনোই বিলুপ্ত হয় না। ঐতিহ্য ও আধুনিকতাকে একই সূতোয় বাঁধতে পেরেছে বলেই লোকসংস্কৃতির অন্তর্গত লোকনৃত্য পুরুলিয়ার 'ছো' আজও টিকে আছে, অন্যদিকে ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ নৃত্যগুলো।

সহায়ক গ্রন্থ

করণ, সুধীরকুমার। ২০০৪। *লোকায়তিক*। বর্ধমান: বর্ধমান বিশ্ববিদ্যালয়।

চক্রবর্তী, বরুণকুমার। (সম্পা.) ২০০৭। *বঙ্গীয় লোকসংস্কৃতি কোষ*। কলকাতা: অপর্ণা বুক ডিস্ট্রিবিউটার্স।

চক্রবর্তী, বরুণকুমার ও বন্দ্যোপাধ্যায়, সুমহান। (সম্পা.) ২০০৮। *লোকসংস্কৃতি ও নৃ-বিদ্যার অভিধান*। কলকাতা: অপর্ণা বুক ডিস্ট্রিবিউটার্স।

চক্রবর্তী, বরুণকুমার। ২০১০। *লোকসংস্কৃতির সুলুক সন্ধানে*। কলকাতা: পুস্তক বিপণি।

চৌধুরী, দুলাল। (সম্পা.) ২০০৪। *বাংলার লোকসংস্কৃতির বিশ্বকোষ*। কলকাতা : আকাদেমি অব ফোকলোর।

দত্ত শতপথী, ইন্দ্রানী। ২০০৮। *'ছৌ'*। কলকাতা : *লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র*, তথ্য ও সংস্কৃতি বিভাগ, প.ব. সরকার।

বর্ধন, মণি। ২০০৪। *বাংলার লোকনৃত্য ও গীতিবৈচিত্র্য*। কলকাতা : লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, প.ব. সরকার।

ভূঞ্যা, ফাল্গুনি। ২০১১। *বাংলার লোকসংস্কৃতি : মনস্তাত্ত্বিক অন্বেষা ও প্রয়োগ*। দক্ষিণ ২৪ পরগণা: সমকালের জিয়নকাঠি প্রকাশন।

সরকার, প্রবীর। ২০০৮। *পুরুলিয়ার সাহিত্য-সংস্কৃতি : রাজন্য অবদান*। কলকাতা : পুস্তক বিপণি।

সেনগুপ্ত, পল্লব। ২০১০। *লোকসংস্কৃতির সীমানা ও স্বরূপ*। কলকাতা : পুস্তক বিপণি।

সহায়ক পত্রিকা

পশ্চিমবঙ্গ, জলপাইগুড়ি সংখ্যা, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, কলকাতা, ২০০১

লেখক পরিচিতি :

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, বাংলা বিভাগ। মহারাজা মণিন্দ্রচন্দ্র কলেজ
E-mail : chandicharansingmura@gmail.com

Journal of Kolkata Society for Asian Studies : Vol. 1, No. 1, 2015

নারীর ক্ষমতায়ন : উত্তর-পূর্বের প্রতিবাদী পটভূমিতে একক প্রতিবাদ

সুমনা বসু (দে)

সংক্ষেপিত : উত্তর-পূর্ব ভারত তথা সাত বোনেদের রাজ্য, (মণিপুর, মিজোরাম, মেঘালয়, আসাম, অরুণাচল প্রদেশ, ত্রিপুরা, নাগাল্যাণ্ড) বহু জাতি, উপজাতি অধ্যুষিত; ভাষাগত, অঞ্চলগত বৈচিত্র্য যেমন প্রকৃতিতে, তেমনই সংস্কৃতিতে বিদ্যমান। তাই কমিউনিটি ডেভেলপমেন্ট-এর আলোচনায় বেজিং এর নারী সম্মেলন (১৯৯৫) ও পরবর্তী সম্মেলনগুলিতে লিঙ্গবৈষম্য মুছে ফেলে সুস্থ সমাজ গঠনের অন্যতম শর্ত হিসাবে নারী-পুরুষের যৌথ অধিকার ও দায়িত্বের সুষ্ঠু রূপায়ণের যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে তার ফলশ্রুতিতে উত্তর-পূর্ব ভারতের নারীদের অবস্থা আলোচনাযোগ্য হয়ে ওঠে। আপাতভাবে অবশিষ্ট ভারতের সঙ্গে তুলনায় উত্তর-পূর্ব ভারতে নারীদের অবস্থান উন্নত মনে হলেও বাস্তব চিত্রটি এর বিপ্রতীপ। শিক্ষা, স্বাস্থ্য, দারিদ্র্য, জীবিকা, যোগাযোগহীনতা, নারী পাচার, মাদক চোরাচালান প্রভৃতির মানদণ্ডে উত্তর-পূর্বের মেয়েদের সার্বিক বিকাশের চিত্রটি একেবারেই উজ্জ্বল নয়। সমাজের সার্বিক উন্নয়ন সম্ভব শান্তির বাতাবরণে। কিন্তু উত্তর-পূর্বের অধিকাংশ রাজ্যই একাধিক বিপ্লব, বিক্ষোভে রক্তাক্ত; মানবাধিকার লঙিঘত হয়ে চলেছে পদে পদে। মণিপুরে রাষ্ট্রীয় আফস্পা আইনের অপব্যবহার জনজীবনে অনিশ্চয়তা বাড়িয়েছে আরও বেশি। বিগত কুড়ি বছরে নানা সময়ে মেয়েরা এই আইনের শিকার হয়েছে। মণিপুরের নারীরা চিরকালই আন্দোলনে এগিয়ে এসেছেন। একবিংশ শতকেও তাই হিংসার প্রেক্ষিতে অহিংস প্রতিবাদে অনশনকে হাতিয়ার করে ন্যায়, শান্তি ও ভালবাসার দাবি নিয়ে এগিয়ে এসেছেন এক নারী—যাঁর জীবন ও কার্য তাই বিশেষ আলোচনার দাবি রাখে। নারীর ক্ষমতায়নের ইতিহাস হল বহুরৈখিক, বহুমাত্রিক, বহুস্তরীয় ও বহুচর্চিত, যার অভিমুখ বহুধাবিভক্তও বটে। তাই হিংসার প্রেক্ষিতে অহিংস প্রতিবাদের নিঃসঙ্গ মুখটি নারীর ক্ষমতায়নেরই দ্যোতক হয়ে ওঠে।

প্রধান শব্দ : লিঙ্গবৈষম্য, সুস্থ, অহিংস, বিপ্লব, নিরাপত্তা, নৈতিকতা, মানসিকতা, মণিপুর

উপস্থাপনা

উত্তর-পূর্ব ভারত তথা সাত বোনেদের রাজ্য, (মণিপুর, মিজোরাম, মেঘালয়, আসাম, অরুণাচল প্রদেশ, ত্রিপুরা, নাগাল্যাণ্ড) বহু জাতি, উপজাতি অধ্যুষিত; ভাষাগত, অঞ্চলগত বৈচিত্র্য যেমন প্রকৃতিতে তেমনই সংস্কৃতিতে বিদ্যমান। তাই কমিউনিটি ডেভেলপমেন্ট-এর আলোচনায় বেজিং এর নারী সম্মেলন (১৯৯৫) ও পরবর্তী সম্মেলনগুলিতে লিঙ্গবৈষম্য মুছে ফেলে সুস্থ সমাজ গঠনের অন্যতম শর্ত হিসাবে নারী-পুরুষের যৌথ অধিকার ও দায়িত্বের সুষ্ঠু রূপায়ণের যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে তার ফলশ্রুতিতে উত্তর-পূর্ব ভারতের নারীদের অবস্থা আলোচনাযোগ্য হয়ে ওঠে। আপাতভাবে অবশিষ্ট ভারতের সঙ্গে

তুলনায় উত্তর-পূর্ব ভারতে নারীদের অবস্থান উন্নত মনে হলেও বাস্তব চিত্রটি এর বিপ্রতীপ। শিক্ষা, স্বাস্থ্য, দারিদ্র্য, জীবিকা, যোগাযোগহীনতা, নারী পাচার, মাদক চোরাচালান প্রভৃতির মানদণ্ডে উত্তর-পূর্বের মেয়েদের সার্বিক বিকাশের চিত্রটি একেবারেই উজ্জ্বল নয়। সমাজের সার্বিক উন্নয়ন সম্ভব শান্তির বাতাবরণে। কিন্তু উত্তর-পূর্বের অধিকাংশ রাজ্যই একাধিক বিপ্লব, বিক্ষোভে রক্তাক্ত; মানবাধিকার লঙিঘত হয়ে চলেছে পদে পদে। মণিপুরে রাষ্ট্রীয় আফস্পা আইনের অপব্যবহার জনজীবনে অনিশ্চয়তা বাড়িয়েছে আরও বেশি। বিগত কুড়ি বছরে নানা সময়ে মেয়েরা এই আইনের শিকার হয়েছে। মণিপুরের নারীরা চিরকালই আন্দোলনে এগিয়ে এসেছেন। একবিংশ শতকেও তাই হিংসার প্রেক্ষিতে অহিংস প্রতিবাদে অনশনকে হাতিয়ার করে ন্যায়, শান্তি ও ভালবাসার দাবি নিয়ে এগিয়ে এসেছেন এক নারী- যাঁর জীবন ও কার্য তাই বিশেষ আলোচনার দাবি রাখে। নারীর ক্ষমতায়নের ইতিহাস হল বহুরৈখিক, বহুমাত্রিক, বহুস্তরীয় ও বহুচর্চিত, যার অভিমুখ বহুধাবিভক্তও বটে। তাই হিংসার প্রেক্ষিতে অহিংস প্রতিবাদের নিঃসঙ্গ মুখটি নারীর ক্ষমতায়নেরই দ্যোতক হয়ে ওঠে।

ঘটনা এক ঃ

"আমরা প্রস্তুত, আমাদের মারো, নগ্ন করো, ভায়েদের রক্ত আমাদের শরীর ঢেকে দেবে" - সময় ১৯ শে ডিসেম্বর, ২০১১; সারা পৃথিবী দেখল মিলিটারী শাসনের বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য মামা খাদিগা নামক এক মহিলাকে প্রকাশ্য রাস্তায় ফেলে নগ্ন করে বর্বর অত্যাচার করল মিশরের মিলিটারি। তাকে রক্ষা করতে এগিয়ে গেল বয়স্কা মহিলা। তাকেও রেহাই দিল না সেনারা। আপামর নারীসমাজের প্রতিবাদে মুখর মিছিল দীর্ঘ থেকে দীর্ঘতর হয়ে উঠল কায়রোর রাস্তাতে ২০ ডিসেম্বর। মুখে তাদের উপরোক্ত শ্লোগান।

ঘটনা দুই ঃ

"রেপ আস, কিল আস্, টেক আওয়ার ফ্লেশ"- সময় ১১ জুলাই ২০০৪ সাল; মণিপুরের আধা সামরিক বাহিনী (আসাম রাইফেলস) ৩২ বছর বয়সী মনোরমা থাংজামকে গ্রেপ্তার করে পাশবিক অত্যাচার চালাল। পরদিন তার লাঞ্ছিত মৃতদেহ পাওয়া গেল। মনোরমার মৃত্যুতে ক্ষোভে, ক্রোধে বিপর্যস্ত মণিপুরী ইমা সমাজ প্রতিবাদ জানাল নগ্ন হয়ে বাহিনীর প্রধান কার্যালয় কাংড়া ফোর্টের সামনে। সাদা ব্যানারে লেখা হল "ইন্ডিয়ান আর্মি, রেপ আস্" - শ্লোগান উঠল একই।

ঘটনা তিন ঃ

২রা নভেম্বর, ২০০০ সাল; ইম্ফলের ১৫ কি.মি.র মধ্যে ছোট শহর ম্যালকম বাস স্টপে অপেক্ষারত দশজন সাধারণ মানুষকে জঙ্গী সন্দেহে হত্যা করল নিরাপত্তাবাহিনী। তার দিন কয়েকের মধ্যে প্রতিবাদে অনশনে বসলেন সাধারণ পরিবারের সাধারণ কন্যা — আজ সারা পৃথিবীর কাছে যার পরিচয় একজন সত্যাগ্রহী, মণিপুরের লৌহমানবী ইরম শর্মিলা চানু।

চিত্রাঙ্গদার লীলাভূমি, পাহাড়ে ঘেরা উপত্যকা সমৃদ্ধ মণিপুর, রাস সংস্কৃতি ও নৃত্যের মণিপুর,

হস্তশিল্পের মণিপুর আর ড্রাগ-হেরোইন-নারী পাচার-এইডস্ ও দুর্নীতির চক্রব্যুহে আবর্তিত মণিপুর—এক নজরে এই হল মণিপুর রাজ্য। রাজ্যের আয়তন ২২,৩২৭ বর্গ কি.মি.। জনসংখ্যা ২৩,৮৮,৬৩৪। উঃপূর্ব ভারতে রাজ্যটির অবস্থান গুরুত্বপূর্ণ। এর উত্তর-পশ্চিমে আছে নাগাল্যাণ্ড, অসম ও মিজোরাম রাজ্য ও পূর্ব ও দক্ষিণ সীমান্তের বিস্তীর্ণ অঞ্চল জুড়ে আছে মায়ানমার রাষ্ট্র। রাজ্যটি নয়টি জেলায় বিভক্ত ও ত্রিশটি জনজাতির মধ্যে উপত্যকাভূমিতে আছে মেইতেই, লই, যইথিবি, ব্রাহ্মণ, বিষ্ণুপ্রিয়া ও পাগান বা মুসলিম জনজাতি গোষ্ঠী ও বাকিরা পাহাড়ী অঞ্চলে অবস্থান করছে। মেইতেইরা রাজ্যের জনসংখ্যার ষাট শতাংশেরও বেশি। তারাই কুকি-চিনদের মধ্যে সবচেয়ে উন্নত। সর্বভারতীয় পার ক্যাপিটা ইনকাম এর তথ্য অনুযায়ী অর্থনৈতিকভাবে মণিপুর পিছিয়ে পড়া রাজ্য, তাই বেকারত্ব আর দারিদ্র্য এখানে ঘোচেনা।

বিষয়মুখ

মণিপুরের রাজনৈতিক ইতিহাসের এক সুদীর্ঘ ঐতিহ্য আছে। ১৮৯১খ্রিঃ ইঙ্গ-মণিপুর যুদ্ধান্তে মণিপুর ব্রিটিশ অধীনস্ত হয়। ১৯৪৭ খ্রিঃ মহারাজা বোধচন্দ্র ও লর্ড মাউন্টব্যাটেন কৃত সংযুক্তি চুক্তির ফলে স্বায়ত্বশাসনের অধিকার লাভ করে, ১৯৪৮ খ্রিঃ সর্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে গোপন ব্যালটে নির্বাচন হয়, সাংবিধানিক প্রধান হন মহারাজা। ১৯৪৯ খ্রিঃ ১৫ই অক্টোবর মণিপুর সংযুক্তি চুক্তির দ্বারা স্বাধীন ভারতের অঙ্গীভূত হলেও মন্ত্রীসভা অজ্ঞাতেই থাকে। ফলে জন্মলগ্ন থেকেই মণিপুর ভারতের সঙ্গে স্বাভাবিক সখ্যে আবদ্ধ হতে ব্যর্থ হয়। মণিপুরের রাজনৈতিক আন্দোলন অতঃপর দুটি ধারায় প্রবাহিত—একটি গান্ধীজীর সত্যাগ্রহের ভিত্তিতে ভারতের অন্তর্ভুক্ত হয়ে গণতান্ত্রিক প্রতিনিধিত্ব প্রতিষ্ঠা আর অপরটি তথাকথিত ''ভারতীয় ঔপনিবেশিক শাসন'' থেকে মণিপুরের স্বাধীনতা রক্ষার আন্দোলন। ১৯৭২ খ্রিঃ মণিপুর ভারতের অঙ্গরাজ্যে পরিণত হবার পূর্ব পর্যন্ত তা কেন্দ্রীয় সরকার দ্বারাই শাসিত হতে থাকে।

ইরম শর্মিলা অনশনে যে নৈতিকতার জোর—তার শিকড়ের সন্ধান মেলে মণিপুরের ইতিহাসে; রাজনৈতিক ও সামাজিক বিষয়ে কঠোর আন্দোলন চলতে থাকে, যার রূপকার মণিপুরের নুপী সমাজ আর এই নারী আন্দোলন শর্মিলার দৃঢ় মানসিকতা গড়ে উঠতে সাহায্য করে। ১৯৭২ খ্রিঃ ১৪ই মার্চ ইরম শর্মিলার জন্ম হয় ইম্ফলের নিকটস্থ এক গ্রামে। বাবা নন্দ সিং, মা সাখি দেবী। পিতামহী তোনসিজা দেবীর কাছে নারী আন্দোলনের বিবরণ শুনতে শুনতে তার বেড়ে ওঠা। পরবর্তীকালে হিউম্যান রাইটস্ অ্যালার্ট-এ যোগ দিয়ে অভিজ্ঞতা সঞ্চয়ের পর্বেই ঘটে ম্যালকম হত্যা। আফস্পা নামক কালা আইনকে দায়ী করে মায়ের আশীর্বাদ নিয়ে অনশনে ব্রতী হন ২৮ বছর বয়স্ক কবি শর্মিলা। পরিচয় হয় মেইরা পাইবি সংগঠনের সদস্যাদের সঙ্গে—যাদের মূল গ্রথিত ঔপনিবেশিক শোষণ বিরোধী নারী যুদ্ধ বা নুপিলানের মধ্যে।

মণিপুরের সমাজ ও অর্থনীতিতে নারীদের এক বিরাট ভূমিকা রয়েছে। প্রাক ব্রিটিশ আমলে আভ্যন্তরীণ ব্যবসা বাণিজ্য (ngai নামে পরিচিত) পরিচালনা বা রাজার কাছে মৃত্যুদণ্ডাজ্ঞাপ্রাপ্ত আসামীর প্রাণভিক্ষা

সংক্রান্ত বহু অনুরোধ ও দাবিপত্র রাজা কর্তৃক স্বীকৃতির মধ্য দিয়ে নারীদের প্রতাপশালী ভূমিকা স্পষ্ট হয়। ১৯০৪ খ্রিঃ প্রথম নুপিলান বা নারীযুদ্ধ হয়। প্রচলিত বিচারব্যবস্থার পরিবর্তে ব্রিটিশ আনীত পাশ্চাত্য ব্যবস্থা মেনে নিতে নারাজ মণিপুরের মানুষজন। ক্রমবর্দ্ধমান অশান্তির আগুনে ঘৃতাহুতি ব্রিটিশ সরকারের অমানবিক আদেশ। বলপূর্বক শ্রমদান নীতির বিরোধিতায় দাখিল হয় পিটিশন। তা অগ্রাহ্য হলে হাজার হাজার মণিপুরী নারী শ্রমিক আন্দোলনে সামিল হন—নেতৃত্ব দেন সানজাওবা দেবী, লেইসাংথেম কেথাবি, ধাবল্লী দেবী প্রমুখ। শেষ অবধি প্রবল প্রতিরোধে ব্রিটিশ সরকার অন্যায্য আদেশ বাতিল করতে বাধ্য হয়।

১৯৩৯ খ্রিঃ দ্বিতীয় নুপিলান এর সূচনা হয় চালের মূল্যবৃদ্ধি ও মণিপুর থেকে চাল রপ্তানির বিরোধিতা করে। এক্ষেত্রে যে গণতান্ত্রিক সরকারের দাবি অস্পষ্ট ছিল তা পরে প্রজা সম্মেলনের বাম নেতা হিজম ইরবট সিং-এর নেতৃত্বে সুস্পষ্ট হতে থাকে। বিভিন্ন প্রান্ত থেকে মহিলারা এসে দরবার হলের বাইরে জমায়েত হলে সংঘবদ্ধ প্রতিরোধের চাপে মহারাজা শেষ অবধি ধানের মূল্যহ্রাস করেন। তাদের বহন করা বুননের সহায়ক টেম শান্তির প্রতীক হয়ে ওঠে। নেতৃত্ব দেন ছাওবিতন দেবী। স্বাধীনতা-উত্তর মণিপুরে শান্তির লক্ষ্যে একাধিক নারী সংগঠন গড়ে ওঠে। তন্মধ্যে উল্লেখযোগ্য ছিল মেইরা পাইবি সংগঠন যারা জ্বলন্ত টর্চ হাতে নিয়ে ন্যায়ের স্বপক্ষে শান্তিপূর্ণ প্রতিবাদে সামিল হত। ১৯৭০ খ্রিঃ মহিলাদের উল্লেখযোগ্য "নিশাবনধ" আন্দোলন গড়ে ওঠে দেশীয় মদের অবাধ ছাড়পত্রের বিরুদ্ধে ও সেইসূত্রে অ্যালকোহল বিরোধিতা, রাত পাহারা, চোলাই-এর ঠেক-এ অগ্নিসংযোগ, ড্রাগ ও মদ্যপান নিবারণী প্রচেষ্টা ছাড়াও উত্তরাধিকার সংক্রান্ত প্রশ্ন, মূল্যবৃদ্ধি, পণপ্রথা, গার্হস্থ্য হিংসা এবং যৌন হয়রানি নিয়ে আন্দোলন দানা বাঁধে। টুকরো টুকরো প্রতিবাদী আন্দোলনকে সংঘবদ্ধ করার তাগিদ থেকে জন্ম নেয় "অল মণিপুর উইমেন'স সোস্যাল রিফরমেশন এ্যাণ্ড ডেভেলপমেন্ট সোসাইটি" যার প্রথম প্রেসিডেন্ট চাওবি দেবী, সেক্রেটারি মোমন দেবী। ১৯৮০ খ্রিঃ পর থেকে একদিকে আভ্যন্তরীণ ক্ষেত্রে বৈরিতার ব্যাপক প্রভাব বৃদ্ধি আর অন্যদিকে ব্যাপক দমন-পীড়ন-কালাকানুনের মধ্য দিয়ে সরকারের মানবিক মুখের অপসৃয়মানতা নারী আন্দোলনের অভিমুখকে পরিবর্তিত করে। সামরিক, আধা সামরিক বাহিনীর অত্যাচারের বিরুদ্ধে অহিংস প্রতিবাদ- "নিশাবনধ" থেকে মেইরা পাইবি সংগঠনে পরিবর্তিত সদস্যদের অন্যতম কর্মসূচী হয়। গান্ধিজীর আদর্শে বিশ্বাসী ইরম শর্মিলাও মণিপুরী মেয়েদের অহিংস প্রতিবাদের ঐতিহ্য বহন করে অনশনকেই "আনলফুল ল" বাতিল করার একমাত্র পথ বলে অসীম দৃঢ়তায় গ্রহণ করেন।

আফস্পা হল সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন (আর্মড ফোর্সেস স্পেশাল পাওয়ার এ্যাক্ট) যা সামরিক ও আধাসামরিক বাহিনীর হাতে যে কোন নাগরিককে গ্রেপ্তার করার এমন কি হত্যা করার অধিকার তুলে দিয়েছে। ব্রিটিশ আমলে আর্মড ফোর্সেস (স্পেশাল পাওয়ারস্) অর্ডিন্যান্স, ১৯৪২ নামক কুখ্যাত কালা অর্ডিন্যান্স-এর বিবর্তিত রূপ এটি। ১৯৫৮ খ্রিঃ পার্লামেন্টে পাশ হয় মূলত বিরুদ্ধাচরণকারী নাগাদের দমন করার উদ্দেশ্যে। তৎকালীন স্বরাষ্টমন্ত্রী গোবিন্দ বল্লভ পন্থ সংসদে এটি

উত্থাপন করেন। আইনটির মোট সাতটি ধারায় সমস্ত দায়িত্ব ন্যস্ত রয়েছে কতিপয় ব্যাক্তির উপর। পক্ষান্তরে সামরিক ও আধা-সামরিক বাহিনীর সম্পূর্ণ আইনি অব্যাহতির পথ রয়েছে খোলা। বস্তুত আইনটির মারাত্মক দিক হল সংবিধানের ২১ নং ধারা, ৩২(১) নং ধারা এমন কি (ইন্টারন্যাশনাল কভেনেন্ট অন সিভিল এ্যাণ্ড পলিটিক্যাল রাইটস্) এর মতো আন্তর্জাতিক আইনের বিরুদ্ধে যাচ্ছে আফস্পা। ১৯৫৮ খ্রিঃ অসমে নাগা বিচ্ছিন্নতাবাদী আন্দোলন রুখতে এটি প্রথম প্রয়োগ হয়। পরে নাগাল্যাণ্ড, ত্রিপুরা ও মণিপুরে (১৯৮০ খ্রিঃ) ও ১৯৯০ খ্রিঃ থেকে কাশ্মীরে এই আইন বলবৎ রয়েছে। ২০০০ সালে সুপ্রীম কোর্টের বিচারপতি এইচ. সুরেশ এক রিপোর্টে আফস্পার ক্ষতিকারক দিকটি দ্ব্যর্থহীন ভাষায় উল্লেখ করেন। ২০০৪ সালে মণিপুরে থাংজাম মনোরমার মৃত্যুতে-সৃষ্ট জীবন রেড্ডি কমিটি ৬ই জুনের রিপোর্টে আইন প্রত্যাহারের পরামর্শ দিলেও তৎকালীন প্রতিরক্ষামন্ত্রী শান্তির অজুহাতে এই সুপারিশ প্রত্যাখ্যান করেন। নভেম্বর ২০০৬, নোবেলজয়ী ইরানী-সমাজকর্মী শিরিন ইবাদি শর্মিলার সমর্থনে মুখ খোলেন। (মেইনস্ট্রীম ১-৭ অক্টোবর, ২০১০, পৃ ৩০, প্রতিবেদনে মিসেস ইবাদির বক্তব্য উল্লিখিত।)

জানুয়ারি, ২০১৩ তে সুপ্রীম কোর্টের নির্দেশিত সন্তোষ হেগড়ে কমিশন এই আইনটির অত্যাচারী রূপের বর্ণনা করেছেন এভাবে- "a symbol of oppression, an object of hate and an instrument of discrimination and high-handedness"। ১৯৮০ খ্রিঃ পর থেকে সেনা অত্যাচারের বিরুদ্ধে গর্জে ওঠে একাধিক মানবাধিকার সংস্থা-'সি এল এ এইচ আর ও', 'সি ও সি ও ই', 'এন পি এন এইচ আর', 'সি ও এইচ আর', 'এম ই পি ডব্লু এ কে', 'এ এম এস ইউ' প্রভৃতি। তবু রক্তাক্ত মণিপুরে শান্তির আওয়াজ অস্ফুট থেকে যায়। রিপোর্টে বলা হয় মণিপুরে বেঁচে থাকাটাই লটারি পাওয়ার মতো দুর্লভ (টেরেসা রহমান (২০০১)," মার্ডার ইন প্লেন সাইট", তহেলকা ম্যাগাজিন, ভল্যুম ৬, ইস্যু ৩১)। উঠে আসে শুধু ২০০৯ সালেই 'ফেক এনকাউন্টার' এ মৃত ২৬০ জনের তথ্য (ইণ্ডিপেণ্ডেন্ট সিটিজেনস ফ্যাক্ট ফাইন্ডিং রিপোর্ট (২০০৯), 'ডেমোক্রেসী এনকাউন্টারড'-রাইটস ভায়োলেশনস ইন মণিপুর, নিউদিল্লী ঃ দিল্লী সলিডারিটি গ্রুপ)। প্রশ্ন জাগে ২৬/১১র ঘৃণ্য দোষী কাসভ যদি বিচার ব্যবস্থার সুযোগ লাভে বঞ্চিত না হয় তাহলে মণিপুরী যুবসমাজ (যদি বৈরিতার পথে হাঁটেও) কেন সে সুযোগ পাবেনা— তাদের 'এলিমিনেট' হতে হবে? সোমা চৌধুরী (২০০৯), 'লাইফ ইন এ শ্যাডো', তহেলকা ম্যাগাজিন, ভল্যুম ৬, ইস্যু ৩২)

কি অপরিসীম দৃঢ়তায় রাষ্ট্রের বধিরতার সঙ্গে লড়ে যাচ্ছেন ইরম শর্মিলা চানু! চোদ্দ বছরের অনশনের নৈতিক জোর, অভিপ্রায়ের শক্তি ও গভীরতা দেশবাসীকে শ্রদ্ধাবনত করে। কিন্তু কোথাও কি তাঁর রণনীতি কিছুটা ব্যক্তিগত থেকে যায় না? — যেখানে সমষ্টির শক্তি বা আবেগ বর্জিত শাণিত যুক্তির প্রয়োজনীয়তা আর একটু অনুভূত হয়। তবু যখন দেখা যাচ্ছে যে বিগত বছরগুলিতে বৃদ্ধ গান্ধীবাদী আন্না হাজারের অনশন ভারতজোড়া সমর্থন লাভে সক্ষম হয়েছে বা অরবিন্দ কেজরিওয়াল-এর ধূমকেতুর মতো উত্থান দিল্লীবাসীর মনোযোগ কেড়ে নিয়েছে, এমনকি সাম্প্রতিকে আশা জাগিয়ে

মোদী সরকারের প্রতিষ্ঠা হয়েছে, তখন প্রচারের আলো না পাওয়া মণিপুরী গান্ধীবাদী ইরম শর্মিলা চানুর দশক ব্যাপী অনশন কি আড়ালেই থেকে যাবে? শর্মিলার ভাই ইরম সিংহজিৎ-এর অনুযোগে — (''দিদি মূল ভূখণ্ডের নেত্রী হলে এতদিনে আফস্পা উঠে যেত'' (আনন্দবাজার পত্রিকায় ২৪/৮/২০১১) — কি মহিলার প্রান্তিক অবস্থানের ছায়া পড়ে না? যদিও সমাজতান্ত্রিক আশিস নন্দী বিষয়টিকে এভাবে ব্যাখ্যা করছেন যে কোনো না কোনো ভাবে দুর্নীতির শিকার প্রায় সমস্ত নাগরিকই। তাই তাদের এতটা একাত্মতা। কিন্তু শর্মিলার অনশন সামরিক বাহিনীর অত্যাচারের বিরুদ্ধে, বিশেষ কঠোর আইনের বিরুদ্ধে আর সে সম্পর্কে ভারতবাসী অনেকটাই অন্ধকারে। ''তাই শর্মিলার আন্দোলন তাদের মনে কোনো অনুরণন তোলে না।''। ''অনশন অপরাধ'' এর আবর্ত থেকে কিছুতেই বেরোতে পারেন না শর্মিলা চানু। কিন্তু সময় এগিয়ে চলে — চেতনার ক্ষেত্রেও পরিবর্তন আসে। শত বাধা সত্ত্বেও ধীরে ধীরে উন্মোচিত হয় নাগরিকের প্রতিবাদী সত্তা। চানুর সমর্থনে অনশনের দশক পূর্তিতে একাধিক মিটিং, মিছিল, পদযাত্রা, দেশ ও বিদেশ থেকে সমর্থন ও অভিনন্দনের বার্তা বয়। (আনন্দবাজার পত্রিকা ১০/১০/২০১১) শান্তির সপক্ষে তাঁর এই দৃঢ়তা দেশি বিদেশি একাধিক সম্মান এনে দেয়। তন্মধ্যে উল্লেখযোগ্য ২০০৭-এ মানবাধিকার রক্ষায় গোয়াংজু পুরস্কার, ২০০৯এ মণিপুরে অহিংস আন্দোলনের জন্য ''প্রথম মেইলাম্মাপুরস্কার'' বা ২০১০এ আই আই পি এম কর্তৃক রবীন্দ্রনাথ টেগোর শান্তি পুরস্কার প্রভৃতি। শুধু সরকারের তরফ থেকে সামান্য কথা বলাটুকুও হয়ে ওঠে না চানুর সঙ্গে। ৩০৯ ধারায় ধৃত ''অনশন অপরাধ'' এর আবর্ত থেকে বের হওয়া হয় না শর্মিলার। বর্তমানে ন্যাসো গ্যাস্ট্রিক ইনটিউবেশনের মাধ্যমে তাঁকে বাঁচিয়ে রাখা হয়েছে। সাম্প্রতিকে তাঁর বিরুদ্ধে চার্জশিট পেশ করার নির্দেশ হয়েছে ইম্ফল জেলা আদালতে। চানুর আইনজীবী খাইদেম মণির মতে ''আন্দোলনের জন্য অনশন কখনওই আত্মহত্যার চেষ্টার সমার্থক হতে পারে না।'' (আনন্দবাজার পত্রিকা ৬/৬/২০১৪)

উপসংহার

বিগত ইতিহাসের পাতায় চোখ মেললে দেখা যায় রাষ্ট্র ক্রমশই ক্ষুদ্র শাসক গোষ্ঠীর স্বার্থরক্ষার যন্ত্র হয়ে দাঁড়ায়—জনসাধারণের ইচ্ছা ও স্বপ্নের সঙ্গে রাষ্ট্রের ব্যবধান তৈরি হয়। (আনন্দবাজার পত্রিকা ১৩/১০/২০১১) জাতি সংঘর্ষে উত্তাল, অর্থনৈতিক অবরোধের জাঁতাকলে পিষ্ট, রাষ্ট্রীয় হিংসা-প্রতিহিংসার উত্তপ্ত বাতাবরণে ভারতের উঃ পূর্বাঞ্চলের সাত বোনের অন্যতম মণিপুর যখন ত্রস্ত, সশস্ত্র পথে বৈরিতা নানা ধারা উপধারায় প্রবহমান, সেইসঙ্গে সীমান্ত পেরিয়ে আসা অস্ত্রের সহজলভ্যতা অবশ্যই ইন্ধনের কাজ করেছে। এই পরিস্থিতিতে সামরিক বাহিনীর প্রভূত ক্ষমতায়ন বিচ্ছিন্নতাকে রুখে দেশের ঐক্য ও সংহতির ক্ষেত্রে শেষ কথা—এমনটাই সহজ যুক্তিতে মনে করা হচ্ছে বা করানো হচ্ছে। কিন্তু সমস্যার গভীরে না গিয়ে তাকে দমন করার যে চেষ্টা, সরকারের অতি সামরিকীকরণ যখন সাধারণ নাগরিক জীবনের কাঙ্খিত শান্তি আনয়নে ব্যর্থ, রক্ষকের সাধু আবরণের আড়ালে উঁকি মারে ভক্ষকের রূপ— সংবাদপত্রের পাতায় পাতায় মেলে উঃ-পূর্বঞ্চলে সামরিক, আধা-সামরিক বাহিনীর দুর্নীতি, স্বেচ্ছাচারিতা

ও অসততার ভুরি ভুরি উদাহরণ (আনন্দবাজার পত্রিকা ২৬/১২/২০১১) তখনই মানুষের সহানুভূতি মেখে শর্মিলার প্রতিক্রিয়া ব্যক্তিগতমাত্র না থেকে প্রতীকে পরিণত হচ্ছে আর এই প্রেক্ষাপটে অহিংস পথে প্রতিবাদী একক শর্মিলা আজ আর প্রান্তিক মানুষ নন। তাঁর অস্ফুট প্রতিবাদ স্পষ্ট থেকে স্পষ্টতর হয়ে আঘাত হানছে সামাজিক মানুষের দায়বদ্ধতার কাছে। রবীন্দ্রনাথের নটীর পূজা নাট্যরূপে ইরম শর্মিলার অনুপ্রবেশ বোধহয় তারই ইঙ্গিত।

সহায়ক রচনাপঞ্জি ঃ

গুহরায়, এস। ২০০৭। *মানবাধিকার ও গণতান্ত্রিক অধিকার ঃ ঐতিহাসিক প্রেক্ষাপট*। কলকাতা : মিত্রম।

চ্যাটার্জী, এস. কে.। ১৯৭৪। *কিরাত - জন কৃতিঃ দ্য ইন্দো-মঙ্গোলয়েড, দেয়ার কন্ট্রিবিউশন টু দ্য হিস্ট্রি এণ্ড কালচার অব ইণ্ডিয়া*। ক্যালকাটা ঃ দি এশিয়াটিক সোসাইটি।

প্যারট, জে। ২০০৫। *উন্ডেড ল্যান্ড, পলিটিক্স এন্ড আইডেন্টিটি ইন মর্ডান মণিপুর*। নিউদিল্লী ঃ মিত্তাল পাবলিকেশন।

ফনজুবাম, টি। ১৯৯৩। *ইন্সারজেন্সী মুভমেন্ট ইন নর্থ ইষ্টার্ন ইন্ডিয়া*। নিউদিল্লী ঃ বিকাশ পাব্লিশিং হাউস প্রাইভেট লিমিটেড।

মেহরোত্রা, ডি. পি.। ২০০৯। *বার্ণিং ব্রাইট ঃ ইরম শর্মিলা এণ্ড দ্য স্ট্রাগল ফর পিস ইন মণিপুর* । নিউদিল্লী ঃ পেঙ্গুইন বুকস ইন্ডিয়া।

সারিণ, ভি.আই.কে। ১৯৮০। *ইন্ডিয়াস নর্থ-ইষ্ট ইন ফ্লেমস*। নিউদিল্লী ঃ বিকাশ পাব্লিশিং হাউস প্রাইভেট লিমিটেড।

সিং, এন. জে। ২০০৫। *রেভলিউশনারী মুভমেন্ট ইন মণিপুর*। নিউদিল্লী ঃ আকাংক্ষা পাব্লিশিং হাউস।

সিং, এন. এল। ১৯৯৮। *দ্য আনকোয়াইট ভ্যালী*। নিউদিল্লী ঃ মিত্তাল পাব্লিকেশন।

ঋণস্বীকার ঃ

১। চৌধুরী, নীরজা। ২২/১/১৯৮৩। 'মণিপুর শোজ দ্য ওয়ে', *দ্য স্টেটসম্যান*। নিউদিল্লী।

২। মেইনস্ট্রীম ১-৭ অক্টোবর। ২০১০। প্রতিবেদনে মিসেস ইবাদির বক্তব্য উল্লিখিত। পৃ. ৩০।

৩। টেরেসা রহমান। ২০০১। 'মার্ডার ইন প্লেন সাইট', তহেলকা ম্যাগাজিন, ভল্যুম ৬, ইস্যু ৩১।

৪। ইন্ডিপেন্ডেন্ট সিনিজেনস ফ্যাক্ট ফাইন্ডিং রিপোর্ট। ২০০৯। ডেমক্রেসী 'এনকাউন্টারড' ঃ রাইটস ভায়োলেশনস ইন মণিপুর। নিউদিল্লী ঃ দিল্লী সলিডারিটি গ্রুপ।

৫। চৌধুরী, সোমা। ২০০৯। 'লাইফ ইন এ শ্যাডো'। তহেলকা ম্যাগাজিন, ভল্যুম ৬, ইস্যু ৩২।

৬। আনন্দবাজার পত্রিকা ২৪/৮/২০১১, ১০/১০/২০১১, ৬/৬/২০১৪, ১৩/১০/২০১১, ২৬/১২/২০১১।

৭। অ্যানুয়াল জার্নাল। ২০১০-১১। ভল্যুম ৪, উইমেন্স কলেজ, শিলচর।

৮। ঘোষ, নিত্যানন্দ। ২০০৫। 'হার না মানা অলঙ্কারের ভূমি'। ভট্টাচার্য, প্রদীপ (সম্পা.) *একালের রক্তকরবী*, নং - ২৮।

লেখক পরিচিতি ঃ

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, ইতিহাস বিভাগ
বঙ্কিম সরদার কলেজ, কলকাতা
E-mail : sumanabs45@gmail.com

Notes for Contributors

Contributions are invited for the Journal of Kolkata Society For Asian Studies. The papers submitted for consideration should not exceed 7000 words. It includes figures, charts, tables and references and excludes the abstract, key words and the bio-note of the author/s. Papers based on scientific study, review articles written in correct English and Bangla will be considered for publication.

Style Sheet

1. Manuscripts should be submitted in duplicate (hard copy) along with a soft copy. All correspondences regarding manuscripts should be submitted to :
   The Editor, Kolkata Society for Asian Studies.
   Postal Address: 3/25/1 R.K. Chatterjee Road, Kolkata-700042
   Phone +91 9432490361
   Email: dattamajumdardrs@gmail.com / anumuse@gmail.com
   Copy to: ksasianstudies@gmail.com
2. Manuscripts should be typed using a word-processing program like MS. Word with .doc/.rtf extension and also in pdf. format. Type the manuscript on one side of the paper. Leave double space between the lines, extra space between the sections and keep 1 inch (2.54 cm.) margins on all four sides of the paper.
3. Abstract should be provided before the article.
4. The number of Key Words should be up to 10.
5. The contributor's affiliations and his/her complete mailing address must be given at the end of the manuscript.
6. Endnotes should follow numerical order. Try to avoid footnotes.
7. As the journal will be mainly printed in Black, the authors are requested to make the charts, graphs and tables using Black and White combination only.
8. The references should be like :
   i. Embedded references (Phillipson 1992: 144)
   ii. Multiple references placed in alphabetical order (Ellis 1994:10; Lenneberg 1967: 7; Pinker 1994: 54)
   iii. Multiple references of the same author published in the same year arranged serially (Pattanayak 2000a, 2000b)
   The detailed style of referencing follows:
   a. Books:
   Wirsing, G. 1972. *Indian Experiment: Key to Asia's Future.* Calcutta: Orient Longman.
   Liu, J. and H. A. Ross and D.P. Kelly. 2000. *The Ethnographic Eye: An Interpretative Study of Education in China*. New York : Falmer Press.

b. Articles in Edited Volumes:

Atkinson, J. M. 1987. Religions in Dialogue: The Construction of an Indonesian Minority Religion. In: R.S. Kipp and S. Rodgers (eds.), *Indonesian Religions in Transition*. pp. 171-86. Tucson: University of Arizona Press.

c. Articles in Journals:

Sonntag, S. K. 1996. 'The Political Saliency of Language in Bihar and Uttar Pradesh', *Journal of Commonwealth & Comparative Politics*, 34 (2): 1-18.

d. Edited and Translated Volumes:

Zakaria, H. A. and H. A. Crouch (eds.). 1985. *Military-Civilian Relations in South-East Asia*. Singapore: Oxford University Press.

Becker, C. 1923. *Early History of the Catholic Missions in Northeast India (1598-1890)*, edited and translated by F. Leicht and S Karotemprel. 1989. Shillong: Vendrame.

e. Unpublished Works:

Kurasawa, A. I. 1988. 'Mobilization and Control: A Study of Social Change in Rural Java, 1942-1945.' (2 vols.) Unpublished Ph.D. dissertation. Ithaca: Cornell University.

Mullins, D. 2001. 'Land reform, poverty reduction and HIV/AIDS'. Paper presented at the Southern African Regional Poverty Network conference on Land Reform and Poverty Alleviation in the Region, Pretoria, 12-14, March.

f. Primary Source Citations:

The location of the archive (the name of the town/village/city) and the country must be mentioned. Materials from personal archive should contain the name and location of the collector. If an audio/ audiovisual material is being used, the date/time and location of the recordings should be specified.

g. Website Citation

http://en.mastersinleiden.nl/programmes/history-arts-and-culture-of-asia/en/introduction (accessed/retrieved/updated on 5th May 2014)

9. Other specifications

i. Use double quotation marks where necessary. Single quotation marks should be used only for a quotation within a quotation.

ii. In the text, the words from a regional language other than English which appear in a commonly used dictionary must be italicised. Proper names from all the countries and terms like 'et al.', 'ibid.', 'vis-a-vis' etc. should be written in Roman alphabet.

iii. A stop should be used after abbreviations ('ed.','vol.' etc.), contractions ('Dr.', 'Prof.' etc.) and between initials (as in 'J.S. Karan'). Do not use a stop in a contraction in capital ('UNESCO', 'USA' etc.).

iv. In the text, the numbers from one to nine should be in words rather than figures. However, 10 and above can remain in figures. Use 'thousands' and 'millions', avoid 'crores' and 'lakhs'. Dates and page numbers should be in full forms (like '2002-2007' and 'pp.125-127').

v. Attach each figure and table on a separate sheet of paper at the end of the article and arrange them serially. The titles should be short and crisp.

vi. Figures, tables, charts, graphs or photographs reproduced from any other source must obtain Copyright permission before reproduction.

vii. Diacritical marks should be consistent.

10. Glosses and Translations of Examples:

1. Language specific examples must be provided in International Phonetic Alphabet (IPA) or in Roman alphabet.
2. Examples from various languages other than English should be translated. Some examples may require a translation along with a word-for-word or morpheme-by-morpheme gloss.
3. The translation and the gloss should be placed under the example with proper indentation and alignment (in case of word-for-word or morpheme-by-morpheme gloss).
4. The grammatical categories in a gloss must be abbreviated
   For example,
   a) adʒ ɔnek brʃʈi hoyeʧʰe.
      today lot rain be-pr.pf.3rd
      'Today there was heavy shower.'
   b) boneder ʧʰobi.
      sister-gen.pl. picture
      'Sisters' picture.'
5. The abbreviations must be given in a separate list.
   The paper/s submitted for consideration should not have been published before or under consideration for publication, anywhere in any language. The work must be approved by its author and the co-authors and also by the authorities of the place where the research was done. If the paper is accepted for publication in the present journal, it must not be published anywhere in any language without the proper written consent of the copyright holder.

For Papers in Bangla

The same style sheet should be followed for papers written in the Bangla language. Bangla font 'Baishakhi' (can be downloaded from SNLTR site) is preferred.

Offprints: The first author of each paper will receive 25 offprints free of cost.

EDITORIAL BOARD MEMBER

Dibyajyoti Majumdar
Former Editor of the Publication,
Information and Cultural Affairs Dept.,
Government of West Bengal

Satya Brata Chakrabarti
Former Deputy Director, Anthropological Survey of India

Krishna Bhattacharya
Former Professor and Emeritus Fellow,
Dept of Linguistics, University of Calcutta
Editor, Indian Journal of Linguistics (IJL)

John Adamson
Professor, University of Niigata Prefecture, Japan
Managing Editor, ELE Publishing; Chief Editor, Asian EFL Journal

Krunoslav Mikulan
Assistant Professor and Scientific Fellow
Faculty of Teacher Education
University of Zagreb
Croatia, EU

Anuradha De
Former Fellow, LRU, Indian Statistical Institute, Kolkata
Teacher (English Language),
Government of West Bengal

Satarupa Dattamajumdar
Visiting Scientist (Linguist),
Institute of Cybernetics Systems and Information Technology, Kolkata;
Principal Investigator (HOS Project), Indian National Science Academy(INSA), New Delhi

ADVISORY COMMITTEE MEMBERS

Dilip Coomer Ghose

President, Kolkata Society for Asian Studies, Kolkata
Former Registrar, Rabindra Bharati University
Former Director, Institute of Historical Studies, Kolkata
Former General Secretary,
The Asiatic Society, Kolkata
Coordinator, Indira Gandhi National Open University

Shyam Sundar Bhattacharya
Vice President, Kolkata Society for Asian Studies, Kolkata
Philological Secretary, The Asiatic Society, Kolkata
Head and Former Senior Research Officer (L), Language Division, Office of the Registrar General, India, Govt. of India, Kolkata.
Member, Technical Advisory Committee for Linguistic Survey and Mother tongue Survey of India, Office of the Registrar General, India, Govt. of India, Kolkata.

Durga Basu
Professor, Department of Archaeology,
University of Calcutta

Sarmistha De Basu
Secretary, Kolkata Society for Asian Studies
Faculty member, Indira Gandhi National Open University

Arpita Basu
Treasurer, Kolkata Society for Asian Studies
Senior Research Assistant, Maulana Abul Kalam Azad Institute of Asian Studies, Kolkata

Banani Bhattacharyya
Archaeologist; Deputy Director,
State Archaeology and Museum of Haryana, Chandigarh

With Best Compliment from :

A
Well
Wisher

Journal of Kolkata Society For Asian Studies

Contents

December 2015 Vol. 1, No. 1

		Pages
Phramaha Singkhon Kualkhunmod	**Usage of Classifiers in Thai**	**1**
Malika Basu (Ghosh)	**Development of Pharmaceutical Industries with Special Reference to Colonial India**	**15**
Soma Banerjee	**Bhanubhakt Acharya (1814-1868 AD)**	**39**
Arpita Basu	**A Socio- Cultural Study of Two Sylvan Gods of South Bengal : Banabibi, Dakshin Ray**	**43**
Banani Bhattacharyya	**Prehistoric Survey in Lower Suvarnarekha Valley**	**49**
চণ্ডীচরণ মুর্মু	**ভারতের উত্তর-পূর্বাঞ্চলের মুখোশ নৃত্য ও পুরুলিয়ার ছো**	**61**
সুমনা বসু (ঘোষ)	**নারীর ক্ষমতায়ন : উত্তর-পূর্বের প্রত্যন্ত পার্বত্য ভূমিতে একক প্রতিবাদ**	**75**

ALSO PUBLISHED

Suniti Kumar Chatterji Revisited
(With a Foreword from Dilip Coomer Ghose) 2015
Pub: Kolkata Society for Asian Studies and Gangchil.
ISBN: 978-93-84002-56-5

Published by Kolkata Society for Asian Studies, Postal Address: 3/25/1 R.K. Chatterjee Road, Kolkata- 700042, Phone +91- 9432490361
Email: ksasianstudies@gmail.com
societyforasianstudies@yahoo.com
Printed at: Desktop Printers, 3A, Garstin Place, 4th Floor, Kolkata - 700001.